ন্যায়প্রকাশিকা

ঢাকানগরীস্থিত-সারস্বতচতুষ্পাঠীস্থাধ্যাপক-

শ্রীজীবনকৃষ্ণতর্কতীর্থেন বিরচিতা

স্বকৃত-বিবৃতি-বঙ্গানুবাদাভ্যাং পরিবর্দ্ধিতা

শ্রীশশাঙ্কশেখরতর্কবেদান্ততীর্থ
শ্রীঅতুলকৃষ্ণবিদ্যাভূষণাভ্যাং
প্রকাশিতা

[১৩৫২]

মূল্যং রাজতদ্বয়ম্

ভূমিকা

অনাদি সংসারে অনাদি কাল হইতে অনাদি জীব অনাদি জন্ম-মৃত্যু প্রবাহে প্রবাহিত হইতেছে, এই মহাসত্য অনেকেই অনুভব করিয়া থাকেন। মহাসমুদ্রে না পৌছা পর্য্যন্ত যেমন স্রোতস্বিনীর স্রোতের বিরাম হয় না তেমনি মোক্ষসাগরের সম্পর্ক লাভ না করা পর্য্যন্ত ঐ প্রবাহের বিচ্ছেদ হয় না ; কেবল—

"প্রাপ্তকালো ন জীবতি"

"যোনিমন্যে প্রপদ্যন্তে যথা কর্ম্ম যথা শ্রুতম্"

"ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থাঃ"

"ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি"

ইত্যাদি ভাবের খেলা চক্রের মত চলিতে থাকে। পর্ণকুটীর বাসী দীন দরিদ্রই হউন, আর সুরম্য হর্ম্ম্যাবলীতে অধিষ্ঠিত মহারাজই হউন, প্রায় সকলকেই পুনঃ পুনঃ জন্ম-মৃত্যু জনিত নানাবিধ দুঃখ ভোগে জর্জ্জরিত হইতে হয় ; তাই ভগবান্ আচার্য্য শঙ্কর বলিয়াছেন—

পুনরপি জননং পুনরপি মরণম্।
পুনরপি জননীজঠরে শয়নম্॥

পঞ্চদশীতেও তাহারই প্রতিধ্বনি হইয়াছে—

"ব্রজন্তো জন্মনো জন্ম লভন্তে নৈব নির্ব্বৃতিম্"

জন্ম যেমন অনন্ত দুঃখের নিদান, মৃত্যুও তেমনি অশেষ প্রকার সন্তাপের হেতু যদি সেই মৃত্যু চরম মৃত্যু না হয়। জন্ম বা মৃত্যুর পরে মধ্যে মধ্যে সুখের ভোগ সম্ভবপর হইলেও, সেই সুখ দুঃখের সম্পর্ক শূন্য না হওয়াতে তাহা পরম পুরুষার্থ নহে। এমন কোন সুখের অস্তিত্ব নাই যে সুখের ভোগ করিতে হইলে দুঃখ ভোগ করিতে হয় না। তজ্জন্য বিবেকী মহাজনগণ সুখকে বিষমিশ্রিত মধুর ন্যায় হেয় বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। নির্দ্ধন ব্যক্তির ন্যায় সুসমৃদ্ধ সার্ব্বভৌম নরপতিরও সুখভোগ চিরস্থায়ী হয় না—যেন কোনও এক অনির্ব্বচনীয় মহাশক্তির ভ্রূভঙ্গে জ্ঞানের অগোচরে তাহার সুখের নিদান সমুদয় রাজ্য-ঐশ্বর্য্য প্রভৃতি নিমেষমাত্রে জলবুদ্বুদের মত নিশ্চিহ্ন হইয়া যায়।

সুখ ও দুঃখের এই প্রকার বিচিত্র ঘাত প্রতিঘাত হইতে (তখনই) অব্যাহতি লাভ করা যায়, যদি জন্ম-মৃত্যু-চক্রের পরিধির বাহিরে অবস্থান করা সম্ভবপর হয়। কীদৃশ উপায় অবলম্বন করিলে জন্ম-মৃত্যু চক্রের পেষণে পতিত হইতে হয় না, এই জিজ্ঞাসা পরমপুণ্যক্ষেত্র ভারতবর্ষে তত্ত্বদর্শী মহর্ষিবৃন্দের চিত্তেই প্রথম সমুদিত হইয়াছিল, এবং তাঁহারা অবগত হইয়াছিলেন, যেমন লৌকিক তেমনি অলৌকিক উপায় সকলের কোনটীই জন্ম-মৃত্যু চক্রের নিবর্ত্তক নহে। কাযেই তাঁহারা বিশ্বের সমুদয় পদার্থের স্বরূপ বিচারপূর্ব্বক অন্যত্র কুত্রাপি জন্ম-মৃত্যু চক্রের অত্যন্তনিবর্ত্তকত্ব উপলব্ধি করিতে না পারায়, পরমেশ্বরের তত্ত্বজ্ঞানকে লক্ষ্য করিয়া বলিয়া ছিলেন—

"তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতে হয়নায়"

অধ্যাত্মতত্ত্বের নিরূপণই ছিল সেই সকল তত্ত্বদর্শী সর্ব্বজ্ঞকল্প মহর্ষিগণের মুখ্যব্রত; তাঁহারা আত্ম ও অনাত্ম তত্ত্বের বিবেক দ্বারা ভোগের উপকরণ সমূহকে অতিতুচ্ছ বস্তুর ন্যায় দূরে পরিহার করিতেন বলিয়াই তাঁহাদের নির্ম্মল চিত্তে ভগবানের তত্ত্বজিজ্ঞাসা জাগিয়া উঠিত এবং তাঁহারা বলিতেন—

"সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ"

তখন তাঁহারা ভববন্ধন মোচনের পথে অগ্রসর হইয়া কৃতার্থ হইতেন। যাহাকে জানিলে আর জ্ঞাতব্য কিছু বাকি থাকে না, সেই পরম কারুণিক ও সকল কল্যাণগুণের আকর পরমেশ্বরের তত্ত্ব নিরূপণেই তাহারা নিত্য বিভোর থাকিতেন এবং কখন পরমেশ্বরের শ্রবণে. কখন বা মননে পরিশেষে নিদিধ্যাসনে নিমগ্ন থাকিয়া তাঁহারা কৃতার্থ হইতেন। এতৎফলে ভগবানের স্বরূপ তাঁহাদের মানসপটে অঙ্কিত হইয়া যাইত অগ্নিদগ্ধবীজের ন্যায় অনাদি সঞ্চিত কর্ম্ম আর তাঁহাদের জন্মের কারণ হইত না; পরমেশ্বরের তত্ত্বজ্ঞানরূপ অগ্নি কর্ম্মরাশিকে উৎপাদিকাশক্তি বিহীন করাতে তাঁহারা জন্ম-মৃত্যু চক্রের দুর্ব্বার প্রভাব অতিক্রম করিয়া ধন্য হইতেন।

আত্মতত্ত্বজ্ঞ ঐ সকল মহাত্মাগণ যে কেবল নিজেই কৃতার্থ হইতেন তাহা নহে, পরন্তু সংসার স্বরূপ দাবানলে দগ্ধ বিষয়ভুক্ ব্যক্তিগণও তাঁহাদের সংস্পর্শে চিরশান্তি লাভ করিয়া ধন্য হইতেন; তখন ব্রহ্মচারী, বানপ্রস্থী ও সন্ন্যাসীর ন্যায় গৃহীরও সময় অধ্যাত্মতত্ত্বের পরিশীলনে অতিবাহিত হইত এবং তাহারাও সর্ব্বত্র ভগবৎসত্তা অনুভব করিয়া গৃহধর্ম্মের অনুষ্ঠানেই বানপ্রস্থের অধিকারী হইতেন। তখন এমনি পবিত্র ভাবধারা বিদ্যমান ছিল যে, বিষম

বিষয়ী ব্যক্তিও জানিতেন— "বিষয় বিষবৎ ত্যাজ্য।" এই নিমিত্তই সার্ব্বভৌম নরপতিও নিমেষ মধ্যে 'পঞ্চাশোর্দ্ধং বনং ব্রজেৎ" এই মহাবাক্য সানন্দে সার্থক করিয়া অরণ্যে উটজাশ্রিত ঐ সকল মহাপুরুষগণের সুশীতল চরণছায়ায় অবস্থান পূর্ব্বক অতুলনীয় ভগবৎ প্রেমামৃতের আস্বাদনে শেষ জীবন অতিবাহিত করিতে সমর্থ হইতেন। সেই সময়ে তাদৃশ সুশিক্ষায় প্রায় সকলই শিক্ষিত হইতেন বলিয়া তাহাদের হৃদয় তন্ত্রীতে বাল্যাবধি আস্তিক্য বোধস্বরূপ গীতি সুশ্রবতানে বাজিয়া উঠিত, এবং বয়ঃ পরিণতির সহযোগে তাহা আত্মতত্ত্বের অনুশীলনরূপ মহাগীতিতে পর্য্যবসিত হইয়া কাহাকে কর্ম্মীরূপে, কাহাকে বা জ্ঞানীরূপে, আবার কাহাকেও বা ভক্তরূপে নিরাময় ভগবত্তত্ত্ব রসায়নের আস্বাদনে আগ্রহবান্ করিয়া দিত। দেহাত্মবাদরূপ কলুষ তাহাদিগকে প্রায় স্পর্শ করিতে পারিত না বলিয়া তাহারা চরমে পরম কৃতার্থতা প্রাপ্ত হইতেন। এ হেন শান্তিময় আনন্দদায়ক ভাবধারা আর ইদানীং নাই, তাহা অতীতের আঁধারে অন্তর্হিত হইয়াছে। শাস্ত্রনিষ্ঠা ও তজ্জনিত ঈশ্বরনিষ্ঠাই ছিল তাদৃশ ভাবপ্রবাহের রক্ষক ও বর্দ্ধক; কিন্তু কালক্রমে নানাবিধ ঘাত প্রতিঘাতে তাহা অতিমাত্র হ্রাস প্রাপ্ত হইয়াছে।

এক মহাতমোরাশি যেন বিশ্বকে, বিশেষতঃ ভারতবর্ষকে, সমাচ্ছন্ন করিয়া ফেলিয়াছে। অধ্যাত্মতত্ত্বজ্ঞানের উজ্জ্বল প্রদীপ জড়বাদের প্রবল বাত্যার প্রচণ্ড আঘাতে নির্ব্বাণোন্মুখ হইয়া পড়িয়াছে। স্থানে স্থানে ঐ আলোকের ক্ষীণ রেখা এখনও পরিদৃশ্যমান হইতেছে বটে; কিন্তু অসীমশক্তি মহাকালের মহাপ্রভাবেই যেন তাহা ক্রমশঃ ক্ষীণ হইতে ক্ষীণতর হইয়া নির্ব্বাণের চরম সীমায় উপনীত হইতেছে। সুতরাং নিঃসন্দেহে বলা যায়, মহাদুর্দ্দিন সমুপস্থিত হইয়াছে।

যে পরমতত্ত্বের পরিশীলনের অভাবে তথাবিধ দুঃসময় সমাগত হইয়াছে তাহা "অধ্যাত্মতত্ত্ব"। কি বেদ, কি উপনিষদ, কি পুরাণ, কি ইতিহাস, সর্ব্বত্রই সকল অনর্থের নিবারক ঐ অধ্যাত্মতত্ত্ব সবিস্তারে কীর্ত্তিত হইয়াছে। পরম কারুণিক ভগবান এবং পরার্থপর মহর্ষিগণ মানব সমাজের কল্যাণার্থই ঐ সকল শাস্ত্র দ্বারা সেই দুরধিগম্য তত্ত্বের প্রকাশ করিয়াছেন। অধ্যাত্মতত্ত্ববাদ সাধারণতঃ কয়েকটী অতি জটিল বিষয়ের গবেষণায়ই পর্য্যবসিত— যেমন আত্মার অস্তিত্ব, পরমেশ্বর সর্ব্বনিয়ন্তা, আত্মা নিত্য, জীব পরলোকগামী, আত্মা দেহাদিভিন্ন ও আত্মতত্ত্বজ্ঞান সাক্ষাৎভাবে মোক্ষের কারণ এবং মোক্ষের স্বরূপ ইত্যাদি। জড়বাদ ও জড়-বিজ্ঞানের আপাতমনোরম চাক্‌চিক্যে নয়ন ঝল্‌সিয়া যায় সত্য; কিন্তু একটু

নিবিষ্ট চিত্তে তত্ত্ব দৃষ্টিতে দেখিলে এই পরম সত্য মূর্ত্তিমান্ রূপে প্রকটিত হয় যে, জড়বিজ্ঞানের অভ্যুদয় জগতের কল্যাণের কারণ নহে—প্রত্যুত ঘোরতর অশুভেরই নিদান। জড়বাদী হৈতুক কুতার্কিকের অভাব কোন সময়েই হয়না দেখিয়া ভগবান্ মনু বলিয়াছেন—

"যোঽবমন্যেত তে মূলে হেতুশাস্ত্রাশ্রয়াদ্দ্বিজঃ।
স সাধুভির্ব্বহিষ্কার্য্যো নাস্তিকো বেদনিন্দকঃ"॥

এবং

"হৈতুকান্ বকবৃত্তীংশ্চ বাঙ্মাত্রেণাপি নার্চ্চয়েৎ।"

যে সমস্ত হৈতুক, কুতার্কিক, জড়বাদী, বেদাদি শাস্ত্রে অভিহিত অধ্যাত্মতত্ত্ব-সিদ্ধান্তের অপলাপের নিমিত্ত স্বকপোল কল্পিত যুক্তিজাল বিস্তার করতঃ বিরুদ্ধ বাদী হ'ন তাহাদের মত নিরাস রূপ গৌণ উদ্দেশ্য নিয়া মুখ্যভাবে মোক্ষের স্বরূপ প্রভৃতি প্রাগুক্ত বিষয় নিচয়ের নিরূপণার্থ অনুকূল যুক্তি তর্কের উদ্ভাবন সহকারে সূত্রময় যে শাস্ত্র মহর্ষিগণ প্রকাশ করিয়াছেন, তাহাই "দর্শনশাস্ত্র" রূপে প্রখ্যাত হইয়াছে। প্রধানতঃ দর্শন ছয় প্রকার। যথা—ন্যায়, বৈশেষিক, মীমাংসা, বেদান্ত, সাংখ্য ও পাতঞ্জল। পরমাচার্য্য অশেষশাস্ত্রদর্শী মাধবাচার্য্য সর্ব্বদর্শন-সংগ্রহে আরও বহুতর দর্শনের নামোল্লেখ করিয়াছেন; কিন্তু 'ষড়্দর্শন" রূপে উক্ত ছয় খানিই বিদ্বৎসমাজে প্রসিদ্ধি লাভ করিয়াছে। মহাপণ্ডিত বাচস্পতিমিশ্র উক্ত ছয়খানি দর্শনের টীকা প্রণয়ন করাতেই "ষড়্দর্শনটীকাকৃৎ" বলিয়া প্রসিদ্ধ হইয়াছেন।

উক্ত ষড়্দর্শনের মধ্যে "ন্যায়দর্শন" নিরীশ্বর বাদ নিরাকরণ, ঈশ্বরের অস্তিত্ব সংস্থাপন এবং জীবাত্মা ও পরমাত্মার ভেদসাধন প্রভৃতি বিষয়ে বিচার পদ্ধতির বৈশিষ্ট্য দ্বারা বিদ্বৎসমাজে বিশেষ স্থান অধিকার করিয়াছে। ন্যায়দর্শনে অবলম্বিত বিচার প্রণালীর প্রকৃত বিকাশ পরিলক্ষিত হয় নব্যন্যায়ে; উহাতে যেরূপ সূক্ষ্মাতিসূক্ষ্মরূপে পদার্থ নিচয় নিরূপিত পরীক্ষিত ও বিশ্লিষ্ট হইয়াছে অন্য কোনও দর্শনেই তাহা দৃষ্ট হয়না। বস্তুতঃ "শ্রোতব্যো মন্তব্যঃ" এই শ্রুতিতে মুমুক্ষুর প্রতি উপদিষ্ট যে মনন তাহার উপযোগী পদার্থ নিচয়ের নিরূপণ সাক্ষাৎ ভাবে ন্যায়দর্শনেই বিহিত হইয়াছে। মুমুক্ষুগণ মোক্ষ লাভের নিমিত্ত আত্মা, শরীর, সুখ, দুঃখ ও অপবর্গ প্রভৃতি যে সকল পদার্থের স্বরূপ অবগতির জন্য সতত মননে রত থাকেন, ন্যায়দর্শনে মহর্ষি গৌতম প্রমেয় পদার্থরূপে তাহাদেরই কীর্ত্তন করিয়া তিনি বলিয়াছেন—

"আত্মশরীরেন্দ্রিয়ার্থবুদ্ধিমনঃপ্রবৃত্তিদোষপ্রেত্যভাবফলদুঃখাপবর্গাস্তু প্রমেয়ম্"।

এই ভাবে প্রমেয়ের নিরূপণ ন্যায়দর্শনের এক অসাধারণ প্রস্থান। মনন শব্দের নির্গলিত অর্থ অনুমান এই অনুমানের নিমিত্ত হেতু, হেত্বাভাস, অবয়ব প্রভৃতি অপেক্ষিত পদার্থের সাক্ষাৎ প্রতিপাদনও ন্যায় দর্শনের বৈশিষ্ট্য। অক্ষপাদ বলিয়াছেন—

"সাধ্যসাধনং হেতুঃ"

"সব্যভিচার-বিরুদ্ধ-প্রকরণসম-সাধ্যসমাতীতকালা হেত্বাভাসাঃ"

"প্রতিজ্ঞাহেতূদাহরণোপনয়নিগমনান্যবয়বাঃ" ইত্যাদি।

ভগবান্ মনু ধর্ম্মশাস্ত্রের তত্ত্ব বিদিত হওয়ার কারণ রূপে—

"আর্ষং ধর্ম্মোপদেশঞ্চ বেদশাস্ত্রাবিরোধিনা।
যস্তর্কেণানুসন্ধত্তে স ধর্ম্মং বেদ নেতরঃ॥"

এই বচনে যে তর্কের উল্লেখ করিয়াছেন। মহর্ষি ন্যায়দর্শনে—

"অবিজ্ঞাততত্ত্বেঽর্থে কারণোপপত্তিতস্তত্ত্বজ্ঞানার্থমূহস্তর্কঃ"

এই সূত্রে তাহার স্বরূপ নিরূপণ করিয়াছেন। ইহাও ন্যায়দর্শনের অনন্যসাধারণ বৈশিষ্ট্য। কি লৌকিক ব্যাপারে, কি অলৌকিক বিষয়ে সিদ্ধান্তে উপনীত হইতে হইলে প্রমাণের জ্ঞান সর্ব্বাগ্রে আবশ্যক; কারণ অপ্রমাণিক সিদ্ধান্ত অপসিদ্ধান্ত রূপেই হেয় হয়। সুতরাং অপর পদার্থের ব্যবস্থাপক পদার্থশিরোমণি রূপে প্রমাণপদার্থ স্থান পাওয়ার যোগ্য বিবেচনা করিয়াই "প্রমাণ প্রমেয়" ইত্যাদি প্রথম সূত্রে প্রথমেই প্রমাণের উদ্দেশ করিয়া পরে বলিয়াছেন—

"প্রত্যক্ষানুমানোপমানশব্দাঃ প্রমাণানি"।

এইভাবে প্রমাণ পদার্থের প্রাধান্য খ্যাপনও ন্যায়দর্শনের অসাধারণত্বের জ্ঞাপক। তত্ত্ববুভুৎসু ব্যক্তিগণও বিচার দ্বারাই সিদ্ধান্ত স্থির করিয়া থাকেন; এমন কি হৈতুক কুতার্কিক জড়বাদী প্রতিপক্ষকে নিরস্ত করিবার নিমিত্ত জল্প বিতণ্ড ও ছল প্রভৃতিকে অবলম্বন করার রীতিও বিদ্বৎসমাজে চিরকাল প্রচলিত। সেই বিচারের পদ্ধতি কি, বিচারের অঙ্গ কি কি, পূর্ব্বাঙ্গ কি, বাদবিচারের স্বরূপ কি, সিদ্ধান্ত কাহাকে বলে, জল্প ও বিতণ্ডার পার্থক্য কি, সদুত্তর কাহাকে বলে, অসদুত্তরই বা কত প্রকার, বাদীর বা প্রতিবাদীর নিগ্রহ কি প্রকারে হয়, কোন অবস্থায় মধ্যস্থ বা সভা জয় পরাজয়ের ব্যবস্থা করেন— ইত্যাদি যাবতীয় বিষয়ের নিরূপণ ন্যায়দর্শনেই পরিলক্ষিত হয়, ইহাও তাহার প্রধান বৈশিষ্ট্য। তাই

ভাষ্যকার বাৎস্যায়ন ন্যায়শাস্ত্রের শ্রেষ্ঠত্ব খ্যাপন করিতে গিয়া যথার্থই বলিয়াছেন "সেয়মান্বীক্ষিকী বিদ্যা—

প্রদীপঃ সর্ব্বশাস্ত্রাণামুপায়ঃ সর্ব্বকর্ম্মণাম্।
আশ্রয়ঃ সর্ব্বধর্ম্মাণাং বিদ্যোদ্দেশে প্রকীর্ত্তিতা" ॥

অধিক কি, ভগবান্ মনু -

"অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ।
পুরাণং ধর্ম্মশাস্ত্রঞ্চ বিদ্যা হ্যেতাশ্চতুর্দ্দশ ॥"

এই বচনে চতুর্দ্দশ সংখ্যক বিদ্যার উল্লেখ করিয়া—

"আর্ষং ধর্ম্মোপদেশঞ্চ বেদশাস্ত্রাবিরোধিনা।
যস্তর্কেণানুসন্ধত্তে স ধর্ম্মং বেদ নেতরঃ ॥"

এই বচনে ন্যায়শাস্ত্রে আর্ষপ্রমাণের অনুগ্রাহকত্ব কীর্ত্তন করায়, ন্যায়শাস্ত্রের উত্তমবিদ্যাত্বই সমর্থন করিয়াছেন। যেহেতু ঐ বচনস্থিত "তর্ক" শব্দটী ন্যায়শাস্ত্রেরই প্রতিপাদক। এই নিমিত্তই ন্যায়সূত্রের বৃত্তিগ্রন্থে মহানৈয়ায়িক বিশ্বনাথ বলিয়াছেন —

"সেয়মান্বীক্ষিকী ন্যায়তর্কাদিশব্দৈরপি ব্যবহ্রিয়তে।"

মহাতার্কিক-পরমমান্য জয়ন্তভট্টও "ন্যায়মঞ্জরী" গ্রন্থে—

"প্রত্যক্ষাগমাভ্যামীক্ষিতস্যান্বীক্ষণমন্বীক্ষাঽনুমানমিত্যর্থঃ,
তদ্ব্যুৎপাদকং শাস্ত্রমান্বীক্ষিকম্"

এইভাবে "আন্বীক্ষিকী" শব্দের ব্যুৎপত্তি প্রদর্শন দ্বারা তৎসমপর্য্যায় তর্কশাস্ত্র বা ন্যায়শাস্ত্রকে বুঝাইয়াছেন। নব্যন্যায়ভাস্কর মহামহোপাধ্যায় গঙ্গেশ চিন্তামণিগ্রন্থে—

"অষ্টাদশবিদ্যাস্থানেষভ্যর্হিততমামান্বীক্ষিকীম্"

এই উক্তি দ্বারা ন্যায়শাস্ত্রের প্রাধান্য খ্যাপন করিয়াছেন। যদিও ভগবান্ মনু প্রাগুক্ত বচনে চতুর্দ্দশ সংখ্যক বিদ্যার উল্লেখ করিয়াছেন, তথাপি যে চিন্তামণিকার "অষ্টাদশবিদ্যাস্থানেষু" এইরূপ নির্দ্দেশ করিয়াছেন তাহা বিষ্ণুপুরাণে বর্ণিত অষ্টাদশ বিদ্যার অভিপ্রায়ে সমর্থনীয়। বিষ্ণুপুরাণে যথা—

"অঙ্গানি চত্বারো বেদা মীমাংসা ন্যায়বিস্তরঃ।
পুরাণং ধর্ম্মশাস্ত্রঞ্চ বিদ্যা হ্যেতাশ্চতুর্দ্দশ ॥
আয়ুর্ব্বেদো ধনুর্ব্বেদো গান্ধর্ব্বশ্চৈব তে ত্রয়ঃ।
অর্থশাস্ত্রং চতুর্থন্তু বিদ্যা হ্যষ্টাদশৈব তু ॥"

এই বচনে ও পূর্ব্বোক্ত মনুবচনে "অঙ্গ" শব্দে "শিক্ষা, কল্প, ব্যাকরণ, ছন্দ, নিরুক্ত, জ্যোতিষ" এই ছয়টী বেদের অঙ্গকে বুঝিতে হইবে। এমন কি উপনিষদে প্রতিপাদিত অর্থের পরিজ্ঞানেও যে ন্যায়শাস্ত্রের বিলক্ষণ উপযোগিতা আছে, তাহা মহাভারতে মোক্ষধর্ম্মপর্ব্বে বিশেষ ভাবে অভিহিত হইয়াছে; যথা—

"তত্রোপনিষদং তাত পরিশেষঞ্চ পার্থিব।
মথ্নামি মনসা তাত দৃষ্ট্বা চান্বীক্ষিকীং পরাম্"।

ইহাও ন্যায়শাস্ত্রের অতুলনীয় বৈশিষ্ট্যের দ্যোতক।

ন্যায়দর্শনের রচয়িতার নাম কি এই বিষয়ে বিস্তর মতভেদ পরিদৃষ্ট হয়। কাহারও কাহারও মতে মহর্ষি "গোতম" ন্যায়দর্শনের প্রণেতা। অনেকের মতে মহর্ষি "গৌতম"ই ন্যায়দর্শন রচনা করিয়াছেন। শব্দকল্পদ্রুমে ও বাচস্পত্য অভিধানে "গোতম"কে-ই ন্যায়শাস্ত্রের রচয়িতা রূপে উল্লেখ করা হইয়াছে। ৺কাশীধামের প্রখ্যাত পণ্ডিত ৺ মঃ মঃ বিন্ধ্যেশ্বরীপ্রসাদ দ্বিবেদী এবং অন্যান্য স্থানের অনেক বিশেষজ্ঞ প্রথমোক্ত মতেরই সমর্থক। দ্বিবেদী মহাশয় নিজমতের সমর্থনকল্পে বলিয়াছেন, বিশ্বনাথের বৃত্তিগ্রন্থের উপসংহারে "এষা মুনিপ্রবরগোতমসূত্রবৃত্তিঃ" এইরূপ পাঠ তিনি হস্তলিখিত অনেক পুস্তকে দেখিয়াছেন। কিন্তু পক্ষান্তরে অনেক হস্তলিখিত পুস্তকে "এষা মুনিপ্রবরগৌতমসূত্রবৃত্তিঃ" পাঠও পরিদৃষ্ট হয়, এবং প্রাচীন অধ্যাপক পরম্পরায় ন্যায়দর্শনকে "গৌতমসূত্র" বলিতে শোনা যায় বলিয়া উক্ত দ্বিতীয় মতকেও উপেক্ষা করা যায় না। গোতম কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাসের গুরু ও অতিপ্রখ্যাত সুপ্রাচীন মহর্ষি। বৃহদারণ্যক উপনিষদে তাঁহার নাম উল্লিখিত হইয়াছে। যথা—

"স হোবাচ বায়ুর্ব্বৈ গৌতম সূত্রেণায়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ"।

মহাভারতেও তাহার নাম কীর্ত্তিত হইয়াছে। যথা—

"ততঃ সর্ব্বে দ্বিজবরাঃ সমাজগ্মুঃ কৃপান্বিতাঃ।
স্বস্ত্যাত্রেয়ো মহাজানুঃ কুশিকঃ শঙ্খমেখলঃ॥
উদ্দালকঃ কঠশ্চৈব শ্বেতশ্চৈব মহাযশাঃ।
ভরদ্বাজঃ কৌণকুৎস্য আর্ষ্টিসেনোঽথ গৌতমঃ"॥

এতদ্ভিন্ন অন্যত্র বহুশাস্ত্রে তাঁহার নাম শ্রুত হওয়া যায়। সুতরাং ইহা নিঃসন্দেহ যে মহর্ষি গৌতম অতিসুপ্রাচীন, অতিশয় প্রখ্যাত ও দিব্যজ্ঞানসম্পন্ন। অতএব তাঁহার পক্ষে ন্যায়দর্শন প্রণয়ন খুবই সম্ভবপর ইহা বলিলে অসঙ্গত হয়না।

প্রকারান্তরে চিন্তা করিলেও মহর্ষি গৌতম ন্যায়দর্শনের প্রণেতা এই

সিদ্ধান্তেই উপনীত হইতে হয়। মাধবাচার্য্য সর্ব্বদর্শনসংগ্রহে ন্যায়দর্শনকে "অক্ষপাদদর্শন"রূপে উল্লেখ করিয়াছেন। মহর্ষি বাৎস্যায়ন তদীয় ভাষ্যের শেষে—

"যোঽক্ষপাদমৃষিং ন্যায়ঃ প্রত্যভাদ্বদতাং বরম্।
তস্য বাৎস্যায়ন ইদং ভাষ্যজাতমবর্ত্তয়ৎ" ॥

এইরূপ লিখিয়াছেন। এবং আদি নৈয়ায়িক মহাপ্রাজ্ঞ উদ্যোতকরাচার্য্য বার্ত্তিকের আরম্ভে—

"যদক্ষপাদঃ প্রবরো মুনীনাং শমায় শাস্ত্রং জগতো জগাদ।
কুতার্কিকাজ্ঞাননিবৃত্তিহেতুঃ করিষ্যতে তস্য ময়া নিবন্ধঃ" ॥

এই শ্লোক লিপিবদ্ধ করিয়াছেন। এতদ্দ্বারা প্রতীয়মান হয়, ন্যায়দর্শনের প্রণেতার অপর নাম ছিল "অক্ষপাদ"। এই সম্পর্কে কিম্বদন্তী এইরূপ—একদা কৃষ্ণ-দ্বৈপায়ন বেদব্যাস নিজগুরু গৌতমের প্রণীত শাস্ত্রের নিন্দা করায় গৌতম প্রতিজ্ঞা করিয়াছিলেন "আমি আর বেদব্যাসের মুখাবলোকন করিব না"। পরে বেদব্যাস কর্ত্তৃক প্রসাদিত হইয়া নিজের চরণে নেত্রের প্রকাশ করতঃ বেদব্যাসের মুখ দেখিয়াছিলেন। তদবধি গৌতমের অপর নাম "অক্ষপাদ"। দেবীপুরাণের শুম্ভনিশুম্ভমথনপাদে এই কিম্বদন্তীর বিষয় সম্যক্ বর্ণিত আছে। যিনি অক্ষপাদ তিনিই গৌতম ইহা স্কন্দ পুরাণের—

"অক্ষপাদো মহাযোগী গৌতমাখ্যোঽভবন্মুনিঃ।
গোদাবরীসমানেতা অহল্যায়াঃ পতিঃ প্রভুঃ" ॥

এই শ্লোকে স্পষ্টভাবে প্রতিপাদিত হইয়াছে। বাল্মীকিরামায়ণের বালকাণ্ডে—

"গৌতমস্য নরশ্রেষ্ঠ পূর্ব্বমাসীন্মহাত্মনঃ।
আশ্রমো দিব্যসঙ্কাশঃ সুরৈরপি সুপূজিতঃ ॥
স চাত্র তপ আতিষ্ঠদহল্যাসহিতঃ পুরা।
বর্ষপূগান্যনেকানি রাজপুত্র মহাযশঃ" ॥

এই শ্লোকেও যিনি অহল্যার পতি তিনিই গৌতম ইহা স্পষ্টভাবে উল্লিখিত হইয়াছে। এবং ভবিষ্যপুরাণের ৩০ অধ্যায়ে উদয়নাচার্য্যের বর্ণন প্রসঙ্গে—

"বিশেষতো ন্যায়শাস্ত্রে সাক্ষদ্বৈ গৌতমো মুনিঃ"

এই শ্লোকে গৌতমকেই ন্যায়দর্শনের রচয়িতা বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। সুতরাং নিঃসন্দেহে বলা যাইতে পারে, অক্ষপাদ ও গৌতম একই ব্যক্তি এবং গৌতমই ন্যায়দর্শনের রচয়িতা।

ন্যায়দর্শনের প্রণেতা মহর্ষি গোতম কোন্ সময়ে ভারতবর্ষের কোন্ প্রদেশে আবির্ভূত হইয়াছিলেন, এবং কোন্ সময়ে ন্যায়দর্শন বিরচিত হইয়াছিল, তাহা নির্ণয় করা এক প্রকার অসম্ভব। মহাভারত প্রভৃতি ইতিবৃত্ত গ্রন্থে তাহার আবির্ভাবের বা গ্রন্থরচনায় কালের উল্লেখ নাই। আবির্ভাবের সময় নির্ণীত হইলে গ্রন্থ রচনার সময় অনুমানের সাহায্যে নিরূপিত হইতে পারে; কিন্তু আবির্ভাবকালের নিরূপক লেখাদি এযাবৎ পাওয়া যায় নাই। তবে ইহা নিঃসন্দেহে বলা যাইতে পারে যে, গোতম অতিশয় প্রাচীন ও প্রখ্যাতনামা ঋষি এবং তিনি অতি পুরাকালে আবির্ভূত হইয়াছিলেন। পূর্ব্বে যে "ততঃ সর্ব্বে দ্বিজবরাঃ" ইত্যাদি মহাভারতের বচন উদ্ধৃত হইয়াছে, তাহার পর্য্যালোচনায় প্রতীয়মান হয় "গোতম" সর্গের আদি ভাগে প্রাদুর্ভূত হইয়াছিলেন; কারণ আদি প্রজাপতি ব্রহ্মার পুত্র ভৃগু, ভৃগুর পুত্র চ্যবন, চ্যবনের পুত্র প্রমতি, প্রমতির পুত্র রুরুর পত্নী বিয়োগ হইলে যে সমস্ত ঋষি স্থূলকেশনামক ঋষির আশ্রমে সমুপস্থিত হইয়াছিলেন তাহাদেরই নাম উক্ত বচনে কীর্ত্তিত হইয়াছে।

বাল্মীকি রামায়ণের প্রতি দৃষ্টিপাত করিলে গোতমের স্থান নির্ণয় সহজ হইয়া যায়। রামায়ণে বর্ণিত হইয়াছে, দাশরথি রামচন্দ্র মিথিলার অধিপতি রাজর্ষি জনকের রাজধানীতে যাওয়ার সময়ে পুরোহিত শতানন্দের পিতা মহর্ষি গোতমের আশ্রমে গমন করত, পাষাণরূপিণী গোতমপত্নী অহল্যার উদ্ধার করিয়াছিলেন। যথা—

মিথিলোপবনে তত্র আশ্রমং দৃশ্য রাঘবঃ।
পুরাণং নির্জ্জনং রম্যং পপ্রচ্ছ মুনিপুঙ্গবম্॥

... ...
... ...

তচ্ছ্রুত্বা রাঘবেণোক্তং বাক্যং বাক্যবিশারদঃ।
প্রত্যুবাচ মহাতেজা বিশ্বামিত্রো মহামুনিঃ॥

... ...
... ...

গোতমস্য নরশ্রেষ্ঠ পূর্ব্বমাসীন্মহাত্মনঃ।
আশ্রমো দিব্যসঙ্কাশঃ সুরৈরপি সুপূজিতঃ॥
স চাত্র তপ আতিষ্ঠদহল্যাসহিতঃ পুরা।
বর্ষপুগান্যনেকানি রাজপুত্র মহাযশঃ॥

সুতরাং নিঃসংশয়ে বলা যায় মিথিলামণ্ডলেই মিথিলা নামক নগরীর উপকণ্ঠে মহর্ষি গোতমের আশ্রম বিরাজমান ছিল।

নবদ্বীপের সন্নিহিত বিদ্যানগরের মহেশ্বর বিশারদের জ্যেষ্ঠ পুত্র নৈয়ায়িকপ্রধান বাসুদেব সার্ব্বভৌমকর্তৃক নবদ্বীপে ন্যায়শাস্ত্রের বিশেষ অধ্যাপনা প্রবর্ত্তনের পূর্ব্বে বঙ্গে ন্যায়ের সম্যক্ অধ্যয়ন অধ্যাপনা হইত না; পরন্তু ন্যায়শাস্ত্রে পরিপূর্ণজ্ঞান-লাভের নিমিত্ত অন্যান্য প্রদেশের বিদ্যার্থিগণকে মিথিলায় যাইতে হইত। ইহা হইতে অনুমিত হয়, অতি পুরাকাল হইতে মিথিলামণ্ডলে ন্যায়ের অবিচ্ছিন্ন অধ্যয়ন অধ্যাপনার ধারা প্রবর্ত্তিত ছিল। বাচস্পতিমিশ্র, উদয়নাচার্য্য, গঙ্গেশোপাধ্যায়, বর্দ্ধমানোপাধ্যায় ও পক্ষধরমিশ্র প্রভৃতি মহানৈয়ায়িকগণ মিথিলা-মণ্ডলকেই অলঙ্কৃত করিয়াছিলেন। এই সকল মহাপণ্ডিতগণ ন্যায়দর্শন অবলম্বনে বহুতর গ্রন্থ প্রণয়ন করিয়া গিয়াছেন। এই সমস্ত বিষয় বিবেচনা করিলে এইরূপ অনুমান অসঙ্গত হয়না যে, ন্যায়শাস্ত্রের মূলগ্রন্থ "ন্যায়দর্শন" মিথিলাতেই রচিত হইয়াছিল। মহর্ষি গৌতমের আশ্রমের মিথিলায় অবস্থিতিও ঐ অনুমানের সমর্থক।

ন্যায়দর্শনের মহর্ষি বাৎস্যায়ন কৃত ভাষ্য অতিপ্রামাণিক ও ব্যুৎপাদক গ্রন্থ; ইহা সাধারণতঃ "বাৎস্যায়ন ভাষ্য" নামে পরিচিত। উক্ত ভাষ্যে যে কেবল সূত্রই ব্যাখ্যাত হইয়াছে তাহা নহে, প্রত্যুত সুগভীর গবেষণা দ্বারা ন্যায়দর্শনের একটী সুনিয়ন্ত্রিত সিদ্ধান্তবাদও সংস্থাপিত হইয়াছে। বাৎস্যায়নের প্রদর্শিত সরণী উদ্যোতকর, বাচস্পতিমিশ্র ও উদয়নাচার্য্য প্রভৃতি নিবন্ধকারগণ অবলম্বন করায়, উক্ত ভাষ্য, বার্ত্তিক ও তাৎপর্য্য প্রভৃতি মহাপ্রামাণ্যগ্রন্থের উপজীব্য ইহা বলিলে অত্যুক্তি হয়না। বাৎস্যায়ন কোথাও "পক্ষিলস্বামী" শব্দে কোথাও বা "পক্ষিলমুনি" শব্দে অভিহিত হইয়াছেন। ন্যায়বার্ত্তিকের তাৎপর্য্য টীকার আরম্ভে মহামান্য বাচস্পতি মিশ্র বলিয়াছেন্—

"ভগবতাক্ষপাদেন নিঃশ্রেয়সহেতৌ শাস্ত্রে প্রণীতে ব্যাখ্যাতে চ ভগবতা পক্ষিলস্বামিনা কিমপরমবশিষ্যতে যদর্থং বার্ত্তিকারম্ভঃ"।

এবং তার্কিকরক্ষার টীকাকার, বাৎস্যায়ন প্রভৃতিকে লক্ষ্য করিয়া "পক্ষিলমুনি প্রভৃতয়ঃ" এইরূপ নির্দ্দেশ করিয়াছেন। উদ্যোতকরাচার্য্য বার্ত্তিকের সমাপ্তিতে লিখিয়াছেন—

"যদক্ষপাদপ্রতিভো ভাষ্যং বাৎস্যায়নো জগৌ। অকারি মহতস্তস্য ভারদ্বাজেন বার্ত্তিকম্"

এতদ্দ্বারা প্রতীতি হয় মহামতি বার্ত্তিককার বাৎস্যায়নকে গৌতমের তুল্য জ্ঞান করিতেন। বস্তুতঃ অর্থে গুরুগম্ভীর ন্যায়ভাষ্য পাঠে ভাষ্যরচয়িতার অসামান্য

মনীষারই পরিচয় পাওয়া যায়। বাৎস্যায়ন প্রখ্যাতনামা ঋষি ছিলেন ; তৎসম্পর্কে পদ্মপুরাণে বেদব্যাসের উক্তি এই—

"ততঃ পরং ধরাধরং পৃষ্টবান্ ভুজগেশ্বরম্।
বাৎস্যায়নো মুনিবরঃ কথামেতাং সুনির্ম্মলাম্" ॥

এবং উপনিষদাদি শাস্ত্রেও বাৎস্যায়নের নাম কীর্ত্তিত হওয়ায় অসংশয়িত ভাবেই বলা যায়, বাৎস্যায়ন প্রাচীন ঋষি। তিনি কোন্ সময়ে কোন্ প্রদেশে আবির্ভূত হইয়াছিলেন, তাহা নির্ণয়ের তেমন উপায় না থাকিলেও মিথিলামণ্ডলের ন্যায়-চর্চ্চার বৈশিষ্ট্যের প্রতি লক্ষ্য করিলে ইহা বলা যাইতে পারে যে, তিনিও গৌতমের ন্যায় মিথিলামণ্ডলকেই অলঙ্কৃত করিয়াছিলেন।

তৎপরে দিঙ্‌নাগাচার্য্য প্রভৃতি বৌদ্ধাচার্য্যগণ ন্যায়ভাষ্যের সিদ্ধান্তাবলী কুতর্ক দ্বারা সমাচ্ছাদিত করিতে থাকিলে, বিশ্ববরেণ্য মহাতার্কিক মহামতি উদ্যোতকরের আবির্ভাব হয়; তিনি অসাধারণ প্রতিভার বলে বার্ত্তিকরূপ প্রদীপ জ্বালিয়া বৌদ্ধাচার্য্যগণের প্রদত্ত দোষান্ধকার দূরীকরণার্থ ভাষ্যসিদ্ধান্তের প্রকাশ করিয়াছিলেন। তাহার রচিত বার্ত্তিকই তত্ত্বচিন্তামণি প্রভৃতি প্রখ্যাত ন্যায়-নিবন্ধের বহুলাংশের মূলস্বরূপ, ইহা বলিলে অত্যুক্তি হয় না। পরাশর পুরাণের

"উক্তানুক্তদুরুক্তানাং চিন্তা যত্র প্রসজ্যতে।
তদ্‌গ্রন্থং বার্ত্তিকং প্রাহুর্ব্বার্ত্তিকজ্ঞা মনীষিণঃ ॥"

এই বচনে উল্লিখিত বার্ত্তিকলক্ষণের সর্ব্বাংশেই লক্ষ্য ন্যায়বার্ত্তিক। অতএব ইহা বলিলে অসঙ্গত হয় না যে, ন্যায়বার্ত্তিকের প্রতাপেই বৌদ্ধমত আদৌ হীনপ্রভ হইতে থাকে। বার্ত্তিককার অধিকাংশ স্থলে সুবিস্তৃত বিচার দ্বারা "তন্ন" "তন্ন" করিয়া বৌদ্ধমতের খণ্ডন করিয়াছেন।

বার্ত্তিককার উদ্যোতকর, ভারদ্বাজ, পাশুপতাচার্য্য, উদ্যোতকরাচার্য্য প্রভৃতি শব্দে বিভিন্ন স্থানে উল্লিখিত হইয়াছেন। যেমন বার্ত্তিকের শেষে—

"যদক্ষপাদপ্রতিভো ভাষ্যং বাৎস্যায়নো জগৌ।
অকারি মহতস্তস্য ভারদ্বাজেন বার্ত্তিকম্ ॥"

এবং বার্ত্তিকের পঞ্চমাধ্যায়ের শেষে—

"ইতি পাশুপতাচার্য্য ভারদ্বাজোদ্যতকরকৃতৌ"

ইত্যাদি নির্দ্দেশ স্বয়ংই করিয়াছেন। শ্রীধরাচার্য্য ন্যায়কন্দলী গ্রন্থে বার্ত্তিককারকে "উদ্যোতকরাচার্য্য" এইরূপে নির্দ্দেশ করিয়াছেন। তিনি নিজের প্রাদুর্ভাবের সময় কোথাও লিপিবদ্ধ করেন নাই, অথবা অপর কোন গ্রন্থেও তাহার সময়ের

পরিচায়ক কিছু পাওয়া যায়না। তথাপি অনুমান করা যাইতে পারে, তিনি বাচস্পতি মিশ্রের প্রায় ২০০ বৎসর পূর্ব্বে আবির্ভূত হইয়াছিলেন। তাৎপর্য্য—টীকার প্রারম্ভে বাচস্পতি "উদ্যোতকরগবীনামতিজরতীনাম্" এইরূপ লিখায় বার্ত্তিককারের অতিপ্রাচীনত্ব সমর্থিত হয়। বাচস্পতি ৮৯৮ শকাব্দে 'ন্যায়-সূচীনিবন্ধ' প্রণয়ন করিয়াছেন; সুতরাং অনুমান করা অসমীচীন হইবেনা যে, উদ্যোতকর বর্ত্তমান সময় হইতে প্রায় ১২০০ বৎসর পূর্ব্বে প্রাদুর্ভূত হইয়াছিলেন। তাহার পূর্ব্ববর্ত্তী গৌতম, বাৎস্যায়ন প্রভৃতি নৈয়ায়িক ঋষি ও পরবর্ত্তী বাচস্পতি-মিশ্র, উদয়নাচার্য্য, গঙ্গেশোপাধ্যায় প্রভৃতি মহানৈয়ায়িক কোবিদমণ্ডলীর জন্মস্থান মিথিলামণ্ডলের প্রতি লক্ষ্য করিলে, উদ্যোতকরও মৈথিল ছিলেন ইহা বলা বোধ হয় অযৌক্তিক হইবেনা।

তৎপরে এক মহাপণ্ডিত ভারতভূমিকে বিশেষতঃ মিথিলামণ্ডলকে গৌরব-বিমণ্ডিত করেন, যিনি সুরাচার্য্যবাচস্পতিকল্প, সার্থকনামা, সর্ব্বতন্ত্রস্বতন্ত্র মহামহোপাধ্যায় বাচস্পতিমিশ্র। তিনি প্রাদুর্ভূত না হইলে হয়তো বৌদ্ধাচার্য্য-গণের প্রবল আক্রমণে সমুদয় আস্তিক দর্শন অতিমাত্র হীনপ্রভ হইয়া যাইত। তাহার বিরচিত প্রতি দর্শনের টীকাতেই বৌদ্ধমত বিশেষভাবে আলোচিত ও খণ্ডিত হইয়াছে; সুতরাং প্রতীতি হয়, তখন আস্তিক দার্শনিকগণের প্রবল প্রতিপক্ষরূপে বৌদ্ধাচার্য্যগণ বিরাজমান ছিলেন। মিথিলামণ্ডলে বাচস্পতি-মিশ্র নামে বহু সুপণ্ডিত ছিলেন; তন্মধ্যে যিনি বেদান্তের "ভামতী" ও সাংখ্যের "তত্ত্বকৌমুদী" নামক অর্থে গুরুগম্ভীর নিবন্ধ রচনা করেন, তিনিই ন্যায়বার্ত্তিকের "তাৎপর্য্য" নামক টীকার রচয়িতা যাহা বাস্তবিকই তাৎপর্য্য— এই আখ্যা লাভের যোগ্য। উহাতে কেবল বার্ত্তিকের পংক্তির ব্যাখ্যাই কৃত হয় নাই পরন্তু ন্যায়শাস্ত্রের দুরধিগম্য রহস্য উদ্‌ঘাটিত ও নির্দ্দোষ সিদ্ধান্তরাজি সংস্থাপিত হইয়াছে। "তাৎপর্য্য" টীকা ও গঙ্গেশের 'তত্ত্বচিন্তামণি' পাঠে প্রতীয়মান হয়, অনেক স্থলে তাৎপর্য্য মূলনিবন্ধরূপে তত্ত্বচিন্তামণিতে স্থান লাভ করিয়াছে। বাচস্পতির উদ্‌ভাবিত অভিনব বিচার পদ্ধতিই যে পরবর্ত্তী নৈয়ায়িকবৃন্দ কর্ত্তৃক কেবল সমাদৃত হইয়াছে তাহা নহে, অধিকন্তু বাচস্পতির বাক্যই মহাপ্রমাণরূপে স্থানে স্থানে পরিগৃহীত হইয়াছে। নব্যনৈয়ায়িক চূড়ামণি গঙ্গেশোপাধ্যায় তত্ত্বচিন্তামণির অন্তর্গত পক্ষতাগ্রন্থে বলিয়াছেন—

> "প্রত্যক্ষপরিকলিতমপ্যর্থমনুমানেন বুভুৎসন্তে তর্করসিকাঃ,
> ন হি করিণি দৃষ্টে চিৎকারেণ তমনুমিমতেঽনুমাতার
>
> ইতি বাচস্পতিবচনয়োরবিরোধঃ"।

তিনিই পূর্ব্বোক্ত আস্তিক দর্শন ছয়খানির টীকা প্রণয়ন করিয়া "ষড় দর্শন-টীকাকৃৎ" এই মহাসম্মানের অধিকারী হইয়াছিলেন। তাহার ন্যায়দর্শন সম্পর্কে বিরচিত আরও বহু গ্রন্থ আছে; তন্মধ্যে "ন্যায়সূচীনিবন্ধ" বিশেষ উল্লেখযোগ্য। উহাতে তিনি ন্যায়দর্শনের অধ্যায়, আহ্নিক, প্রকরণ ও সূত্রের সংখ্যার নির্দ্ধারণ করিয়াই ক্ষান্ত হন নাই, পরন্তু পদের এবং অক্ষরেরও সংখ্যার নির্ণয় করিয়াছেন। এইরূপ অনুমিত হয় যে, উদ্যোতকরের সময় পর্য্যন্ত গ্রন্থকারের স্থিতিকালের পরিচায়ক কিছু লিখার রীতি প্রচলিত ছিলনা, পরবর্ত্তীকালে ঐ রীতি আদৃত হয়। তাই বাচস্পতি মিশ্র ন্যায়সূচীনিবন্ধের সমাপ্তিতে লিখিয়াছেন—

"ন্যায়সূচীনিবন্ধোঽসাবকারি সুধিয়াং মুদে।
শ্রীবাচস্পতিমিশ্রেন বস্বঙ্কবসুবৎসরে॥"

এতদ্দ্বারা নির্ণীত হয় ন্যায়সূচীনিবন্ধ ৮৯৮ শকাব্দে বিরচিত হইয়াছে। ৮৯৮ শকাব্দে ৯৭৬ খৃষ্টাব্দ হয়; সুতরাং সেই সময় বর্ত্তমান সময় হইতে প্রায় ১০০০ বর্ষ পূর্ব্ববর্ত্তী।

এই ভাবে ন্যায়দর্শন; ভাষ্য, বার্ত্তিক ও তাৎপর্য্যরূপ শাখাপ্রশাখায় পরিশোভিত হইয়া মহীরূহে পরিণত হইতে থাকিলে, মিথিলা গগনে আর এক মহাজ্যোতিষ্কের অভ্যুদয় হয়; তিনি মহানৈয়ায়িক আচার্য্য চূড়ামণি উদয়নাচার্য্য। তাহার সময়েও বৌদ্ধ মতের প্রভাব কম ছিলনা। কথিত হয়, একদা তিনি পুরীধামে ৬জগন্নাথদেবের দর্শনকালে প্রভুকে লক্ষ্য করিয়া বলিয়াছিলেন—

"পুনর্ব্বৌদ্ধে সমায়াতে মদধীনা তব স্থিতিঃ।"

তাহার গ্রন্থ পাঠেও বোঝা যায়, বৌদ্ধমতের খণ্ডনে তাহার শক্তি বিশেষভাবে প্রযুক্ত হইয়াছিল। তিনি স্বরচিত "কুসুমাঞ্জলি"গ্রন্থে বৌদ্ধ মতের নিরসনে অতুলনীয় পাণ্ডিত্যনৈপুণ্যের পরিচয় দিয়াছেন। বাচস্পতিমিশ্রের তাৎপর্য্যটীকা অনেকাংশে দুরধিগম্য বলিয়া তিনি উহার "তাৎপর্য্যপরিশুদ্ধি" নামক টীকা প্রণয়ন করেন—যাহা "ত্রিসূত্রীনিবন্ধ" নামেও প্রখ্যাত। তদ্‌ভিন্নও তিনি ন্যায়দর্শন ও বৈশেষিক দর্শন অবলম্বনে বহুতর নিবন্ধ রচনা করিয়াছেন; যথা—আত্মতত্ত্ববিবেক, কিরণাবলী, ন্যায়কুসুমাঞ্জলি, ন্যায়পরিশিষ্ট, লক্ষণাবলী ইত্যাদি। তিনি ন্যায়দর্শনের প্রতিপাদ্য বিষয় সম্পর্কে এমন এক সুদৃঢ় মতবাদ স্থাপন করিয়া গিয়াছেন, যাহা "আচার্য্য মত" রূপে তত্ত্বচিন্তামণি প্রভৃতি মহামান্য গ্রন্থে সসম্ভ্রমে সমাদৃত হইয়াছে। সুতরাং তাহাকে "সম্প্রদায়প্রবর্ত্তক" বলিলে

অতিশয়োক্তি হয় না। তিনি উদয়ন, উদয়নাচার্য্য, ন্যায়াচার্য্য উদয়ন প্রভৃতি শব্দে বিভিন্ন গ্রন্থে কীর্ত্তিত হইয়াছেন। "লক্ষণাবলী" নামক গ্রন্থের উপসংহারে—

"তর্কাম্বরাঙ্কপ্রমিতেষতীতেষু শকান্ততঃ।
বর্ষেষূদয়নশ্চক্রে সুবোধাং লক্ষণাবলীম্॥"

এই শ্লোকে ৯০৬ শকাব্দ লক্ষণাবলীর রচনাকাল বলিয়া লিপিবদ্ধ হওয়ায় প্রতীয়মান হয়, তিনিও বর্ত্তমান সময় হইতে প্রায় ১০০০ বৎসর পূর্ব্বে আবির্ভূত হইয়াছিলেন; সুতবাং উদয়নাচার্য্য ও বাচস্পতিমিশ্র প্রায় সমসাময়িক। ভবিষ্যপুরাণের ৩০ অধ্যায়ে উদয়নাচার্য্য সম্বন্ধে বর্ণনা এইরূপ—

"অথ বক্ষ্যে তৃতীয়স্য হরেরংশস্য ধীমতঃ।
উদয়নাচার্য্যনাম্নো মাহাত্ম্যং লোমহর্ষণম্॥
ভূত্বা স মিথিলায়ান্তু শাস্ত্রাণ্যধ্যৈষ্ট সর্ব্বশঃ।
বিশেষতো ন্যায়শাস্ত্রে সাক্ষাদ্বৈ গৌতমো মুনিঃ॥
বৌদ্ধসিদ্ধান্তমুগ্ধান্তঃসুখায় হিতকারিণীম্।
বিতেনে বিদুষাং প্রীত্যৈ বিমলাং কিরণাবলীম্॥"

অতএব নিঃসন্দেহে নিরূপিত হইতে পারে আচার্য্য উদয়ন মিথিলামণ্ডলেই আবির্ভূত হইয়াছিলেন।

তারপরে মৈথিলমণি নৈয়ায়িকচূড়ামণি গঙ্গেশোপাধ্যায়ের পুত্র তার্কিকভাস্কর মহাপণ্ডিত বর্দ্ধমান উপাধ্যায় তাৎপর্য্যপরিশুদ্ধির "তাৎপর্য্যপরিশুদ্ধিপ্রকাশ" বা "ন্যায়নিবন্ধপ্রকাশ" নামে মহতী টীকা রচনা করেন। তাহার বিরচিত "প্রকাশ" নামক কুসুমাঞ্জলির টীকা এবং "অন্বীক্ষানয়তত্ত্বপ্রকাশ" নামক ন্যায়সূত্রের বৃত্তি বিশেষ উল্লেখযোগ্য প্রামাণিক গ্রন্থ। তদ্ভিন্নও তিনি "কিরণাবলীপ্রকাশ", "তত্ত্বচিন্তামণিপ্রকাশ", "ন্যায়পরিশিষ্টপ্রকাশ", "প্রমেয়তত্ত্ববোধ" ইত্যাদি প্রামাণিক গ্রন্থের রচয়িতা। বর্দ্ধমান ও তৎপিতা গঙ্গেশ ১২০০ শকাব্দে আবির্ভূত হইয়াছিলেন বলিয়া অনুমিত হয়; কারণ সাধারণতঃ এইরূপ নিরূপিত হইয়াছে যে খণ্ডনখণ্ডকাদ্যকার শ্রীহর্ষের কাল ১১১৬ শকাব্দের মধ্যে। গঙ্গেশের চিন্তামণিগ্রন্থে "ইতিখণ্ডনকারমতমপাস্তম্" এইরূপ লিখিত হওয়ায় শ্রীহর্ষকে গঙ্গেশের পূর্ব্ববর্ত্তী বলিতে হয়; এইরূপ নির্ণয় করিলে উদয়নাচার্য্যের সময়ের সহিতও অসামঞ্জস্য হয়না। বর্দ্ধমানের প্রণীত যে কোন গ্রন্থ পাঠে তাহার অনন্যসাধারণ প্রতিভার পরিচয় পাওয়া যায়। তিনি ন্যায়নিবন্ধপ্রকাশের পরিশেষে—

"যস্তর্কতন্ত্রশতপত্রসহস্ররশ্মি-
র্গঙ্গেশ্বরঃ সুকবিকাননকৈরবেন্দুঃ।
তস্যাত্মজঃ পিতুরধীত্য নিবন্ধমিত্থং
প্রাকাশয়ৎ কৃতিমুদে বুধবর্দ্ধমানঃ॥"

এই শ্লোকে নিজকে পিতা গঙ্গেশের ছাত্র বলিয়াছেন। নৈয়ায়িকচূড়ামণি গঙ্গেশোপাধ্যায় ন্যায়দর্শন অবলম্বনে সাক্ষাৎ ভাবে কোন নিবন্ধ রচনা করেন নাই বলিলে অসঙ্গত হয়; কারণ তাহার রচিত ন্যায়মুকুটমণি "তত্ত্বচিন্তামণি" ন্যায়দর্শনের "প্রত্যক্ষানুমানোপমানশব্দাঃ প্রমাণানি" এই সূত্রের এক মহান্ ব্যাখ্যান গ্রন্থ ইহা বলিলে অসমীচীন হয় না। ঐ সূত্রকে অবলম্বন করিয়াই "প্রত্যক্ষচিন্তামণি" "অনুমানচিন্তামণি" "উপমানচিন্তামণি" ও "শব্দচিন্তামণি" এই খণ্ডচতুষ্টয়াত্মক "তত্ত্বচিন্তামণি" গ্রন্থ বিরচিত।

তৎপরে ন্যায়নিবন্ধপ্রকাশের "বর্দ্ধমানেন্দু" নামে টীকা প্রণয়ন করেন মৈথিল পণ্ডিত বলভদ্র মিশ্রের পুত্র পদ্মনাভ মিশ্র; তিনি কিরণাবলীপ্রকাশের যে টীকা রচনা করেন, তাহারও নাম "বর্দ্ধমানেন্দু"। তার পরে মৈথিল পণ্ডিত শঙ্কর মিশ্র কর্ত্তৃক ন্যায়নিবন্ধপ্রকাশের টীকা বর্দ্ধমানেন্দুর "তাৎপর্য্যমণ্ডন" নামক ব্যাখ্যা বিরচিত হয়। এই শঙ্কর মিশ্র ও বৈশেষিকের "উপস্কার" রচয়িতা এক ব্যক্তি কি না, তাহা ঠিক নিরূপণ করা যায় না।

এই তাৎপর্য্যমণ্ডনেই বোধ হয় ন্যায়দর্শনের টীকাপরম্পরার পরিসমাপ্তি। তাৎপর্য্যমণ্ডনের উপর কোন টীকা প্রণীত হইয়াছে বলিয়া প্রমাণ পাওয়া যায় না।

উক্তরূপ টীকাপরম্পরা ব্যতিরেকেও বহুতর নিবন্ধ ন্যায়দর্শন অবলম্বনে মহাপণ্ডিতগণকর্ত্তৃক বিরচিত হইয়াছে। তন্মধ্যে "দ্বৈতনির্ণয়" ও "তত্ত্বচিন্তামণিপ্রকাশ" এর রচয়িতা অপর বাচস্পতি মিশ্রের রচিত "ন্যায়তত্ত্বালোক" নামক বৃত্তি এবং নাগেশভট্ট, বিশ্বনাথ ন্যায়পঞ্চানন, রামরুদ্রভট্টাচার্য্য ও রাধামোহন গোস্বামীর কৃত ন্যায়সূত্রের বৃত্তিগ্রন্থ প্রামাণিক ও সুধীসমাজে সমাদৃত।

বাৎস্যায়নের ভাষ্য হইতে আরম্ভ করিয়া শঙ্কর মিশ্রের তাৎপর্য্যমণ্ডন পর্য্যন্ত গ্রন্থরাজি এবং উক্ত বৃত্তিগ্রন্থনিচয় স্বরূপ শাখা, প্রশাখা, পল্লব, পুষ্প ও ফলাদি দ্বারা পরিশোভিত ন্যায়দর্শন এক মহামহীরুহে পরিণতি লাভ করিয়া জগদ্বাসী আত্মতত্ত্বজিজ্ঞাসু সাধকবর্গকে অধ্যাত্মতত্ত্বজ্ঞানরূপ ছায়ায় অনুপম শান্তি প্রদান করিতেছিল, এবং জিজ্ঞাসুগণ মহর্ষি গৌতমের প্রদর্শিত মার্গে বিচরণ করতঃ ত্রিতাপের জ্বালার শান্তি অনুভব করিতেছিলেন। ফলে বৌদ্ধাচার্য্যগণের

মতবাদ এই কর্ম্মভূমি ভারতবর্ষ হইতে চিরবিদায় গ্রহণ করিয়াছিল। এমনি করিয়া ন্যায়দর্শন সুদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত হইয়াছিল, এবং অবিচ্ছিন্নভাবে তাহার অধ্যয়ন, অধ্যাপনা, মনন, অনুশীলন বরেণ্য মণীষীবৃন্দের মণীষার বিষয়ীভূত হইয়াছিল।

কিন্তু মূলগ্রন্থ ন্যায়দর্শনের বহুল আলোচনায় মন্দতা পরিলক্ষিত হইল নৈয়ায়িকচূড়ামণি গঙ্গেশ উপাধ্যায়ের "তত্ত্বচিন্তামণি"র প্রচারের সময় হইতে। তদবধি ন্যায়শাস্ত্র দুই ভাগে বিভক্ত হইয়া পড়িল— এক ভাগ "প্রাচীনন্যায়" ও অপর ভাগ "নব্যন্যায়"। প্রাচীনন্যায় বলিতে ন্যায়দর্শন, ন্যায়ভাষ্য, ন্যায়বার্ত্তিক, ও তাৎপর্য্যটীকা প্রভৃতি এবং জয়ন্ত ভট্টের ন্যায়মঞ্জরী ও ন্যায়কলিকা এবং বরদরাজের তার্কিকরক্ষা ইত্যাদিকে এবং নব্যন্যায় বলিতে তত্ত্বচিন্তামণি, দীধিতি, মাথুরী, জাগদীশী ও গাদাধরী প্রভৃতিকে বুঝাইত। কিম্বদন্তী এইরূপ যে উপাধ্যায় বংশীয় গঙ্গেশ বাল্যে একান্ত স্থূলবুদ্ধি ছিলেন; তাহার বুদ্ধি শাস্ত্রার্থে প্রবিষ্ট হইত না। তিনি মাতুলালয়ে প্রতিপালিত হইতেন; বহু যত্নেও গঙ্গেশকে শাস্ত্রার্থে প্রবিষ্ট করিতে না পারিয়া মাতুল একদা তাহাকে তীব্র ভৎর্সনা করেন। গঙ্গেশ মনের দুঃখে লোকালয় ত্যাগ করতঃ গভীর অরণ্যে প্রবেশ করিয়া কোন সাধুর নিকট হইতে প্রাপ্ত মন্ত্রযোগে তপস্যায় সিদ্ধিলাভ-পূর্ব্বক দৈবশক্তি প্রাপ্ত হ'ন, এবং তৎপ্রভাবে শাস্ত্রে অনন্যসাধারণ মনীষার অধিকারী হইয়া মাতুলালয়ে প্রত্যাবর্ত্তন করেন। মাতুল তাহার ঐরূপ প্রজ্ঞার বিষয় বিদিত না থাকায় গঙ্গেশকে দেখিয়া বলিয়া উঠিলেন—"ঐ গরুটা আবার আসিয়াছে"। তখন গঙ্গেশের মুখে প্রথম ফুটিয়া উঠিল—

"কিং গবি গোত্বমুতাগবি গোত্বং
যদি গবি গোত্বং ময়ি ন হি তত্বম্।
অগবি চ গোত্বং যদি ভবদিষ্টং
ভবতু ভবত্যপি সম্প্রতি গোত্বম্॥"

কথাটী ঔদ্ধত্য ব্যঞ্জক হইলেও যথার্থ; দৈববলে যাহারা বলীয়ান হ'ন তাঁহাদের অলোকসামান্য প্রতিভা কি কর্ম্মক্ষেত্রে কি জ্ঞানক্ষেত্রে সর্ব্বত্রই তুল্যভাবে প্রকাশ পায়। দৈববলে বলীয়ান্ মহাবীর অর্জ্জুন কর্ম্মক্ষেত্রে কিরূপ অলোকসামান্য প্রতিভা লাভ করিয়াছিলেন, তাহা মহাভারতে বিশদভাবে বর্ণিত আছে। শোনা যায় নব্যন্যায়ের "জাগদীশীর" প্রণেতা জগদীশও বাল্যে অতিমাত্র দুর্ব্বৃত্ত ও শাস্ত্রবিমুখ ছিলেন; কিন্তু মহাপুরুষের কৃপায় শেষে দৈবজ্ঞান লাভ

করিয়া জগদ্বাসীকে চমৎকৃত করিয়াছেন। তাঁহার সম্বন্ধে আজও নবদ্বীপের প্রাচীন অধ্যাপকদের মুখে এই শ্লোকটী শ্রুত হইয়া থাকে—

আদৌ জগা জগুঃ পশ্চাৎ জগাজগুরনন্তরম্।
ইদানীং জ্ঞানসম্পত্ত্যা জগদীশায়তে জগাঃ॥

বাস্তবিকই তাঁহার কৃত জাগদীশী ন্যায়শাস্ত্রের অমূল্য সম্পদ্। এক সময়ের দস্যু রত্নাকর যেমন ভগবান্ প্রজাপতির উপদেশে রামনাম জপে সিদ্ধ হইয়া প্রথম বলিতে পারিয়াছিলেন—

মা নিষাদ প্রতিষ্ঠাস্ত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ।
যৎ ক্রৌঞ্চমিথুনাদেকমবধীঃ কামমোহিতম্॥

এবং জগৎ ধন্য হইয়াছিল তাহার নিরাময় রামরসায়ন রামায়ণের অপূর্ব্ব রসাস্বাদনে, তেমনি বাল্যের একান্ত দুর্ব্বোধ গঙ্গেশ নৈয়ায়িকচূড়ামণি গঙ্গেশোপাধ্যায়-রূপে অভিনব ও সূক্ষ্মাতিসূক্ষ্ম বিচারচাতুরীপূর্ণ "চিন্তামণি" গ্রন্থ রচনা করিয়া বিদ্বন্মণ্ডলীকে মুগ্ধ করিয়াছেন। সেই চিন্তামণির তীক্ষ্ণ প্রতিভায় প্রাচীন ন্যায়ের প্রভা ম্লান হইয়া গিয়াছে। গঙ্গেশের অনুপম ও অভূতপূর্ব্ব গবেষণাপূর্ণ এবং অভিনব বিশ্লেষণালোকে উদ্ভাসিত ও বিচিত্র খণ্ডনমণ্ডনে সুসমৃদ্ধ "চিন্তামণির" অতুলনীয় জ্যোতিতে তর্করসিক কোবিদমণ্ডলীর হৃদয় উদ্ভাসিত হইয়া উঠিল; তাহারা "চিন্তামণির" অধ্যয়নে ও অধ্যাপনায় রত হইলেন, এবং উহার "প্রামাণ্যবাদ" "উপাধিবাদ" "ব্যাপ্তিবাদ" ও "হেত্বাভাস" প্রভৃতির গুরুগম্ভীর অর্থের বিশ্লেষণবিমুগ্ধচিত্তও ঐ সকলের অমৃতায়মান রসের আস্বাদনে বিভোর হইয়া "চিন্তামণি"র গুরুগম্ভীর তাৎপর্য্যের বিকাশের নিমিত্ত টীকা টিপ্পনী রচনায় ব্যাপৃত হইলেন। ফলে, মূলদর্শন ও তাহার ভাষ্য বার্ত্তিকাদির আলোচনা হ্রাস পাইতে লাগিল—অর্থাৎ মূলীভূত ন্যায়দর্শনের স্থলবর্ত্তী হইয়া পড়িল "চিন্তামণি" গ্রন্থ। তাহাতেই বিদ্বন্মণ্ডলীর চিন্তাশক্তি ও গবেষণা কেন্দ্রীভূত হইতে লাগিল। তত্ত্বচিন্তামণির উপরে প্রথমেই মৈথিল পণ্ডিত-কেশরী তার্কিকপ্রধান পক্ষধরমিশ্র "আলোক" নামক টীকা প্রণয়ন করেন। আলোকের প্রখ্যাতি ও প্রসার যথেষ্ট থাকিলেও, সাহিত্যে যেমন কথিত হয়—

ভারবের্ভা তাবদ্ভাতি যাবন্মাঘস্য নোদয়ঃ।
উদিতে নৈষধে কাব্যে ক্ব মাঘঃ ক্ব চ ভারবিঃ॥

তেমনি ভাবে বলিতে গেলে বলিতে হয়—

বিভাতি তাবদালোকো যাবন্নোদেতি দীধিতিঃ।

বাঙ্গালী তার্কিকশিরোমণি রঘুনাথশিরোমণির চিন্তামণিটীকা "দীধিতি"র প্রকাশের পর উক্ত আলোকটীকার বিকাশই যে কেবল হ্রাস প্রাপ্ত হইয়াছিল তাহা নহে, অধিকন্তু মিথিলা ভারতবর্ষের গুরুস্থান বলিয়া যে গৌরবের অধিকারী ছিল সেই গৌরবও বিলুপ্ত হইল। নবদ্বীপে রঘুনাথের পদপ্রান্তে ভারতের বিভিন্ন প্রদেশের বিদ্যার্থিবৃন্দ সমবেত হইতে লাগিল, এবং তদবধি নবদ্বীপই ভারতের বিদ্যাপীঠরূপে পরিণত হইল। রঘুনাথ অধ্যয়নের মানসে পক্ষধর সমীপে উপস্থিত হইয়া বাদ বিচারে "সামান্যলক্ষণার" খণ্ডন করিলে, যিনি অবজ্ঞাভরে একদা বলিয়াছিলেন—

বক্ষোজপানকৃৎ কাণ সংশয়ে জাগ্রতি স্ফুটম্।
সামান্যলক্ষণা কস্মাদকস্মাদবলুপ্যতে ॥

সেই পক্ষধরই দীধিতির অভূতপূর্ব্ব প্রভাব ও ভারতব্যাপি রঘুনাথের অনুপম পাণ্ডিত্যখ্যাতির সংবাদে পরবর্ত্তিকালে বলিয়াছেন—

ধন্যস্ত্ব বঙ্গদেশেঽস্তি কাণভট্টঃ শিরোমণিঃ।

তৎপরে নবদ্বীপের মহারত্ন ও প্রজ্ঞায় মথুরানাথকল্প মথুরানাথ তর্কবাগীশ চিন্তামণির "রহস্য" নামক মহামান্য টীকা প্রণয়ন করেন। তিনি দুর্দ্ধর্ষ তর্কশাস্ত্রের সরল ব্যাখ্যায় সিদ্ধহস্ত ছিলেন; রহস্যের ন্যায় ন্যায়শাস্ত্রের সরল ব্যাখ্যা আর নাই। তিনি দীধিতির ও "রহস্য" নামে টীকা প্রণয়ন করিয়াছিলেন। তাঁহার টীকা পাঠে স্পষ্ট প্রতীয়মান হয়, উহা "রহস্য" নামের বাস্তবিকই যোগ্য। মনে হয় যেন মণিকারের বা দীধিতিকারের হৃদয়ের অন্তস্তলে লুক্কায়িত রহস্যেরই উদ্‌ঘাটন তিনি "রহস্যে" করিয়াছেন। চিন্তামণির আর তেমন প্রামাণিক কোনও টীকার সংবাদ পাওয়া যায় না। প্রথমে নবদ্বীপমণি, সিদ্ধান্তে সিদ্ধবুদ্ধি এক মহাতার্কিক দীধিতির "প্রকাশ" নামক টীকা রচনা করেন, যাহার নাম ভবানন্দ সিদ্ধান্তবাগীশ: ঐ টীকা "ভবানন্দী" নামেও খ্যাত। প্রকাশের প্রচার ততটা না হইলেও উহা পণ্ডিত সমাজে সমাদৃত ছিল।

তৎপরে দীধিতির উপরে নবদ্বীপের জগদীশকল্প জগদীশ তর্কালঙ্কার "জাগদীশী" নামে অতিব্যুৎপাদক টীকা ও নবদ্বীপের জ্ঞানে গদাধরসদৃশ গদাধর ভট্টাচার্য্য "গাদাধরী" নামে বিচারবহুল মহতী টীকা রচনা করেন। ঐ টীকাদ্বয়ই আজ পর্য্যন্ত ভারতের সকল প্রদেশে অধীত ও অধ্যাপিত হইতেছে। তৎপরে জাগদীশী ও গাদাধরী অবলম্বনে ফরিদপুরের ধানুকার চন্দ্রনারায়ণের "চান্দ্রী" বিক্রমপুরের কালীশঙ্করের "কালীশঙ্করী" ও নবদ্বীপের গোলকন্যায়-রত্নের "গোলকী" নামক সুপ্রসিদ্ধ পত্রিকা বিরচিত হয়। জাগদীশী, গাদাধরী ও

মাথুরী অবলম্বনে উক্ত প্রসিদ্ধ পত্রিকা ভিন্নও অসংখ্য নৈয়ায়িক কর্ত্তৃক অগণিত পত্রিকা বিরচিত হইয়াছে, যাহা "পাত্ড়া" নামে প্রচলিত। এইভাবে বঙ্গে তথা সমগ্র ভারতে নব্যন্যায়েরই প্রতিষ্ঠা হওয়ায়, প্রাচীন ন্যায় বিরলপ্রচার হইয়া পড়িল। ন্যায়দর্শন মোক্ষশাস্ত্র, অপবর্গ ও তদুপযোগী পদার্থের নিরূপণের নিমিত্তই গৌতম ঐ শাস্ত্রের প্রকাশ করিয়াছেন। ভাষ্য ও বার্ত্তিক প্রভৃতি গ্রন্থে মোক্ষমার্গের যাদৃশ অনুশীলন পরিলক্ষিত হয় চিন্তামণিতে বা তদনুগ নিবন্ধ-নিচয়ে তাহা না থাকিলেও উদয়নাচার্য্য বলিয়াছেন—

ন্যায়চর্চ্চেয়মীশস্য মননব্যপদেশভাক্।
উপাসনৈব ক্রিয়তে শ্রবণানন্তরাগতা॥

চিন্তামণি রচনার কাল বর্ত্তমান সময় হইতে অল্পন্যূনাধিক ৬৫০ বৎসর পূর্ব্ববর্ত্তী। রঘুনাথ শিরোমণি শ্রীচৈতন্যদেবের সমসাময়িক; বর্ত্তমান চৈতন্যাব্দ ৪৬০। সুতরাং তৎপূর্ব্ববর্ত্তী ১৯০ বৎসর মধ্যে গঙ্গেশ ও পক্ষধরের আবির্ভাবের কল্পনা অসঙ্গত নহে। মহর্ষি গৌতমের সময় হইতে কিঞ্চিদধিক ১২০০ শকাব্দ পর্য্যন্ত যে ন্যায়অধ্যাত্মতত্ত্বের প্রসার চলিতেছিল এবং প্রধানতঃ যাহার প্রতাপে বৌদ্ধমত ভারতবর্ষ হইতে দূরীভূত হইয়াছিল, সেই ন্যায় তত্ত্বচিন্তামণি প্রভৃতির প্রভাবে অনালোচিতপ্রায় হইয়া প্রাচীনন্যায় রূপে পরিগণিত হইল।

কিঞ্চিৎ ন্যূনাধিক ৩৬০ বৎসর পূর্ব্বে ভাষাপরিচ্ছেদ, সিদ্ধান্তমুক্তাবলী, ন্যায়সূত্রবৃত্তি প্রভৃতি গ্রন্থের রচয়িতা মহামান্য নৈয়ায়িকভূষণ বিশ্বনাথ ন্যায়পঞ্চানন নবদ্বীপের সন্নিহিত বিদ্যানগরে আবির্ভূত হ'ন। তিনি মহাতপস্বী পণ্ডিত মহেশ্বর বিশারদের কনিষ্ঠপুত্র রত্নাকর বিদ্যাবাচস্পতির পৌত্র। তাহার পিতার নাম কাশীনাথ বিদ্যানিবাস। তিনি ন্যায়শাস্ত্রে বহুলভাবে ব্যবহৃত কণাদ প্রোক্ত "দ্রব্য" "গুণ" প্রভৃতি সপ্ত পদার্থের নিরূপণে শ্লোক দ্বারা "ভাষাপরিচ্ছেদ" গ্রন্থ প্রণয়ন পূর্ব্বক দুরধিগম্য ন্যায় ও বৈশেষিক শাস্ত্রে বিদ্যার্থিগণের প্রবেশের পথ সুগম করিয়া দিয়া ধন্যবাদার্হ হইয়াছেন। শ্লোক অনায়াসে কণ্ঠস্থ হয় বলিয়া যে কোন বিদ্যার্থীই উক্ত শাস্ত্রে প্রথম প্রবেশের সুযোগ পাইয়া থাকে।

কিন্তু ন্যায়দর্শনে নিরূপিত "প্রমাণ" "প্রমেয়" প্রভৃতি ষোড়শ পদার্থ আয়ত্ত করিবার তেমন সুযোগ নাই। ন্যায়দর্শনের সূত্রসংখ্যা ন্যায়সূচীনিবন্ধের মতে ৫২৫, সূত্রগুলি সহজ বোধ্য নহে। ভাষ্য, বার্ত্তিক, তাৎপর্য্য প্রভৃতি গ্রন্থ যেমন জটিল তেমনি বৃহদাকার। অতএব শ্লোক দ্বারা উক্ত ষোড়শ পদার্থের নিরূপণ করিলে বিদ্যার্থিবৃন্দ অনায়াসে তাহা আয়ত্ত করিতে পারিবে, এবং হীনপ্রভ প্রাচীনন্যায়ের আলোচনার পুনঃ কথঞ্চিৎ প্রসার হইতে পারিবে—এই উদ্দেশ্য

নিয়া "ন্যায়প্রকাশিকা" রচিত হইয়াছে। ইহাতে মূল শ্লোকের সংখ্যা প্রায় ২৪৭ ; অধিকাংশ শ্লোক অনুষ্টুপ্ ছন্দে নিবদ্ধ। সংক্ষেপে মূলের বঙ্গানুবাদও দেওয়া হইয়াছে। কেবল শ্লোক দ্বারা স্থূলভাবে পদার্থের নিরূপণ করিলে উদ্দেশ্য সম্যক্ সিদ্ধ হয় না বলিয়া, ন্যায়প্রকাশিকার "বিবৃতি" প্রণীত হইয়াছে ; বিবৃতিতে যথাসম্ভব ষোড়শ পদার্থের এবং প্রসঙ্গাগত আরও বহুতর বিষয়ের বিচার করা গিয়াছে।

ন্যায়প্রকাশিকা দ্বাদশ পরিচ্ছেদে বিভক্ত ; ইহার প্রথম পরিচ্ছেদে (১) প্রমাণ (২) প্রমেয় (৩) সংশয় (৪) প্রয়োজন (৫) দৃষ্টান্ত (৬) সিদ্ধান্ত (৭) অবয়ব (৮) তর্ক (৯) নির্ণয় (১০) বাদ (১১) জল্প (১২) বিতণ্ডা (১৩) হেত্বাভাস (১৪) ছল (১৫) জাতি (১৬) নিগ্রহস্থান—এই ষোড়শ পদার্থের উদ্দেশ, লক্ষণ ও সম্ভব স্থলে বিভাগ প্রদর্শিত হইয়াছে। দ্বিতীয় পরিচ্ছেদে (১) প্রত্যক্ষ (২) অনুমান (৩) উপমান (৪) শব্দ—এই চতুর্ব্বিধ প্রমাণের বিচার করা হইয়াছে। তৃতীয় পরিচ্ছেদে (১) আত্মা (২) শরীর (৩) ইন্দ্রিয় (৪) অর্থ (৫) বুদ্ধি (৬) মন (৭) প্রবৃত্তি (৮) দোষ (৯) প্রেত্যভাব (১০) ফল (১১) দুঃখ (১২) অপবর্গ—এই দ্বাদশ প্রকার প্রমেয়ের বিচার অভিহিত হইয়াছে। চতুর্থ পরিচ্ছেদে সংশয়ের বিচার এবং পঞ্চম পরিচ্ছেদে (১) সর্ব্বতন্ত্রসিদ্ধান্ত (২) প্রতিতন্ত্রসিদ্ধান্ত (৩) অধিকরণসিদ্ধান্ত (৪) অভ্যুপগমসিদ্ধান্ত এই চতুর্ব্বিধ সিদ্ধান্তের বিচার সন্নিবিষ্ট হইয়াছে। ষষ্ঠ পরিচ্ছেদে (১) প্রতিজ্ঞা (২) হেতু (৩) উদাহরণ (৪) উপনয় (৫) নিগমন—এই পঞ্চ অবয়বের বিচার পরিদৃষ্ট হইবে। সপ্তম পরিচ্ছেদে (১) আত্মাশ্রয় (২) অন্যোন্যাশ্রয় (৩) চক্রক (৪) অনবস্থা (৫) বাধিতার্থপ্রসঙ্গ— এই পাঁচ প্রকার তর্কের বিচার প্রদর্শিত হইয়াছে।

অষ্টম পরিচ্ছেদে (১) সব্যভিচার (২) বিরুদ্ধ (৩) প্রকরণসম (৪) সাধ্যসম (৫) কালাতীত— এই পঞ্চবিধ হেত্বাভাসের বিচার অভিহিত হইয়াছে। নবম পরিচ্ছেদে (১) বাক্‌ছল (২) সামান্যছল (৩) উপচার ছল— এই তিন প্রকার ছলের বিচার সন্নিবেশিত হইয়াছে। দশম পরিচ্ছেদে (১) সাধর্ম্ম্যসমা (২) বৈধর্ম্ম্যসমা (৩) উৎকর্ষসমা (৪) অপকর্ষসমা (৫) বর্ণ্যসমা (৬) অবর্ণ্যসমা (৭) বিকল্পসমা (৮) সাধ্যসমা (৯) প্রাপ্তিসমা (১০) অপ্রাপ্তিসমা (১১) প্রসঙ্গসমা (১২) প্রতিদৃষ্টান্তসমা (১৩) অনুৎপত্তিসমা (১৪) সংশয়সমা (১৫) প্রকরণসমা (১৬) হেতুসমা (১৭) অর্থাপত্তিসমা (১৮) অবিশেষসমা (১৯) উপপত্তিসমা (২০) উপলব্ধিসমা (২১) অনুপলব্ধিসমা (২২) নিত্যসমা (২৩)

অনিত্যসমা (২৪) কার্য্যসমা — এই চব্বিশ প্রকার জাতির বিচার করা গিয়াছে। একাদশ পরিচ্ছেদে ষট্পক্ষীর বিচার অর্থাৎ বাদী ও প্রতিবাদীর বিচারে প্রতিবাদী অসাধু উত্তর করিলে বাদীও যদি সেই অসাধু উত্তরের খণ্ডনের নিমিত্ত অসাধু উত্তর করেন, তবে উভয়ের অসাধু উত্তর পরম্পরা যে ছয়টী পক্ষে পর্য্যবসিত হয় তাহা প্রদর্শন করা হইয়াছে। দ্বাদশ পরিচ্ছেদে (১) প্রতিজ্ঞাহানি (২) প্রতিজ্ঞান্তর (৩) প্রতিজ্ঞাবিরোধ (৪) প্রতিজ্ঞাসন্ন্যাস (৫) হেত্বন্তর (৬) অর্থান্তর (৭) নিরর্থক (৮) অবিজ্ঞাতার্থ (৯) অপার্থক (১০) অপ্রাপ্তকাল (১১) ন্যূন (১২) অধিক (১৩) পুনরুক্ত (১৪) অননুভাষণ (১৫) অজ্ঞান (১৬) অপ্রতিভা (১৭) বিক্ষেপ (১৮) মতানুজ্ঞা (১৯) পর্য্যনুযোজ্যোপেক্ষণ (২০) নিরনুযোজ্যানুযোগ (২১) অপসিদ্ধান্ত (২২) হেত্বাভাস— এই দ্বাবিংশতি প্রকার নিগ্রহস্থানের বিচার করা হইয়াছে।

বিচারে যে সমস্ত কথা না বলিলে বক্তব্য পরিষ্কার হয়না, তাহা বলিতে গিয়া প্রসঙ্গতঃ অনেক কথা বলিতে হইয়াছে। এই কারণে বিবৃতি অনেক স্থলেই দীর্ঘ হইয়া পড়িয়াছে। আশা করি পাঠকগণ তাহা দূষণীয় বিবেচনা করিবেন না।

আমি ক্ষুদ্র ব্যক্তি; আমার জ্ঞান ও শক্তি অল্প। এই কার্য্য করিতে গিয়া আমি দুঃসাহসেরই পরিচয় দিয়াছি। মহাকবি কালিদাসের ভাষায় বলিতে গেলে বলিতে হয় আমার এই কার্য্য—

তিতীর্ষুর্দুস্তরং মোহাদুড়ুপেনাস্মি সাগরম্।

এর মতই হইয়াছে। তথাপি ইহা দ্বারা বিদ্যার্থিবৃন্দের কিঞ্চিন্মাত্র উপকার হইলেও শ্রম সার্থক হইয়াছে মনে করিব।

পরিশেষে ঢাকা-জগন্নাথ কলেজের ভূতপূর্ব্ব অধ্যক্ষ ও সারস্বতসমাজের কোষাধ্যক্ষ স্বনামপ্রসিদ্ধ রায় শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ভদ্র বাহাদুর এম্-এ, সারস্বতসমাজের অধ্যক্ষ, পরমসুহৃৎ পণ্ডিতপ্রবর ৺প্রিয়নাথ বিদ্যাভূষণ এম্-এ, ভাওয়ালের দানশীলা রাণী শ্রীযুক্তা আনন্দকুমারী দেবী, মুর্শিদাবাদের দানশূর রাজা শ্রীযুক্ত কমলারঞ্জন রায়, পণ্ডিতপ্রিয় সুবিজ্ঞ আসাম গভর্ণমেণ্টের ভূতপূর্ব্ব আণ্ডার সেক্রেটারী শ্রীযুক্ত এস্, পি, দেশাই, আই, সি, এস্, নানাশাস্ত্রনিষ্ণাত ঢাকাপ্রকাশসম্পাদক শ্রীযুক্ত মুকুন্দবিহারী চক্রবর্ত্তী বি, এ, এবং আমার স্বগ্রামবাসী বিদ্যোৎসাহী অবসরপ্রাপ্ত জিলাজজ শ্রীযুক্ত আশুতোষ দাস এম্, এ, বি, এল্ মহোদয় প্রভৃতির প্রতি সশ্রদ্ধ আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। ইঁহাদের সহানুভূতি ও অর্থ সাহায্য দ্বারাই এই গ্রন্থের প্রকাশ সম্ভবপর

হইয়াছে। তাহাদের সহানুভূতি ও অর্থ সাহায্য না পাইলে আমার পক্ষে এই অভূতপূর্ব্ব দুর্দ্দিনে বহুব্যয়সাধ্য এই কার্য্য করা সাধ্যাতীত হইত। মঙ্গলময় ভগবানের চরণে তাহাদের সর্ব্বপ্রকার মঙ্গল প্রার্থনা করিতেছি। ইতি—

সারস্বতচতুষ্পাঠী, ঢাকা
১৩৫২ বঙ্গাব্দ
২৮শে ফাল্গুন

বিনীত—
শ্রীজীবনকৃষ্ণ শর্ম্মা

সূচীপত্রম্

পরিচ্ছেদসূচী

বিষয়সূচী

॥ ন্যায়প্রকাশিকা ॥

যদ্বংশীধ্বনিমাকর্ণ্য জহুর্ব্বন্ধং গোপাঙ্গনাঃ ।
তং কৃষ্ণমান্তরধ্বান্তসন্তত্যন্তকরং ভজে ॥১॥
শ্রীমজ্জীবনকৃষ্ণেন পদার্থা গৌতমোদিতাঃ ।
প্রাচীনমতবোধায় ব্যাখ্যায়ন্তে যথামতি ॥২॥

যাহার মধুর মুরলী তান শ্রবণ করিয়া গোপরমণীগণ সংসার বন্ধন হইতে মুক্ত হইয়াছিলেন, যাহার কৃপায় অন্তরের অনন্ত অজ্ঞান অন্ধকার তিরোহিত হয় সেই ভগবান্ শ্রীকৃষ্ণের শরণাপন্ন হইতেছি ।১। মহর্ষি গৌতম ন্যায়দর্শনে যে পদার্থ নিচয়ের নিরূপণ করিয়াছেন প্রাচীন মতের রহস্য অবগতির নিমিত্ত সেই পদার্থগুলি এই গ্রন্থে ব্যাখ্যাত হইতেছে ।২

॥ বিবৃতিঃ ॥

নিখিলানর্থনাশেন ভক্তসর্ব্বার্থসাধকম্ ।
বাগীশ্বরীপদদ্বন্দ্বমভিবন্দ্য সমাদরাৎ ॥
মহামহোপাধ্যায়ং তং কামাখ্যানাথসংজ্ঞকম্ ।
আচার্য্যং তর্কবাগীশমক্ষপাদমিবাপরম্ ॥
নবদ্বীপরবিং দীপ্ত্যোদ্ভাসিতবিশ্বমণ্ডলম্ ।
নত্বা বিতন্যতে তর্ত্তুং ন্যায়প্রকাশিকাব্ধিকাম্ ॥
জীবনকৃষ্ণবিপ্রেণ বিবৃতিস্তরণীব সা ।
আন্বীক্ষিকীং বুভুৎসূনাং ভবিতা যা মনোমুদে ॥

তত্র তাবৎ প্রারিপ্সিতগ্রন্থপরিসমাপ্তিপ্রতিবন্ধকবিঘ্নবিধ্বংসনার্থং শিষ্টাচারানুমিতশ্রুতিবোধিতকর্ত্তব্যতাকেষ্টদেবতানমস্কৃতিরূপং মঙ্গলং সমাচরন্ শিষ্যা অপ্যেবং কুর্য্যুরিত্যভিপ্রায়েণাদৌ তন্নিপ্রাতি যদ্বংশীতি। সমাপ্তিত্বঞ্চ সম্পূর্ণত্বপ্রমাপ্রযোজকব্যাপারবিশেষত্বম্। মঙ্গলঞ্চাত্রেষ্টদেবতানতিস্তুত্যাদিরূপমেবগ্রাহ্যং

ন তু হিরণ্যাদিদানাদিরূপং তস্য তত্র মঙ্গলত্বেন শিষ্টৈরব্যবহ্রিয়মাণত্বাৎ। নব্যাস্তু বিঘ্নধ্বংসস্যৈব মঙ্গলফলত্বং ন তু সমাপ্তেঃ। বিঘ্নত্বঞ্চ সমাপ্তিপ্রতিবন্ধকতাবচ্ছেদকী-ভূতদুরিতত্বব্যাপ্যজাতিবিশেষরূপমিতিকৃতে মঙ্গলে বিঘ্নধ্বংসো ভবত্যেব, কচিদ-সমাপ্তিস্তু কর্ত্তুর্দ্ধীষণাপ্রতিভাদ্যভাববশাদিতি ন কশ্চিদ্দোষ ইতি প্রাহুঃ। বংশী-ধ্বনিম্—মুরলীরবম্। বন্ধমিতি। বিষয়াত্মাসক্তিরূপমপবর্গপ্রতিবন্ধকমিত্যর্থঃ। গোপাঙ্গনা ইতি। এতেন সর্ব্বতোভগবদ্‌গতচিত্ততায়া ভববন্ধনমোক্ষস্য চ স্বকাম্যত্বং ধ্বনিতম্। তমিতি। প্রসিদ্ধমিত্যর্থঃ। কৃষ্ণমিতি। নন্দনন্দন-মিত্যর্থো মহর্ষিণা গর্গেণ তত্রৈব কৃষ্ণশব্দস্য পরিভাষিতত্বাৎ। তথাহি—

ভাগবতে নন্দং প্রতি গর্গবাক্যম্—"আসন্ বর্ণা স্ত্রয়ো হ্যস্য গৃহ্নতোঽনুযুগং তনূঃ। শুক্লো রক্তস্তথাপীত ইদানীং কৃষ্ণতাং গতঃ" ইতি। নচাস্য গোপতনয়স্য কথং নমস্কার্য্যত্বমিতি শঙ্ক্যং, পরমাত্মন এব তদ্রূপেণাবতারাৎ। অতএব "কৃষির্ভূ-বাচকঃ শব্দো ণশ্চ নির্বৃতি বাচকঃ। তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়ত" ইত্যনেন তস্য পরমেশত্ব সিদ্ধেঃ। আন্তরেত্যাদি। অন্তর্নিহিতা যা ধ্বান্তসন্ততিঃ—তত্ত্বধীপ্রতিরোধাবিদ্যানিবহস্তদন্তকরং—তদ্বিধ্বংসনপটীয়াংসমিত্যর্থঃ। অন্তর্য্যামি-তয়া প্রকাশমানত্বাদ্‌ঘনতমঃসদৃশমদীয়াজ্ঞাননিরাকরণে তস্য সামর্থ্যমিতিভাবঃ।

ইদানীং স্বীয়গ্রন্থে প্রেক্ষাবৎপ্রবৃত্তয়েঽভিধেয়-সম্বন্ধ-প্রয়োজনপ্রতিপাদকং শ্লোকমাহ শ্রীমদিত্যাদি। তথাচোক্তং ভট্টপাদৈঃ শ্লোকবার্ত্তিকে "জ্ঞাতার্থং জ্ঞাত-সম্বন্ধং শ্রোতুং শ্রোতা প্রবর্ত্ততে। শাস্ত্রাদৌ তেন বক্তব্যঃ সম্বন্ধঃ সপ্রয়োজনঃ ইতি। অভিধেয়ং দর্শয়তি পদার্থা গৌতমোদিতা ইতি। তথাচ পরমকারুণিকেন মহর্ষিণা গৌতমেন যে প্রমাণাদয়ঃ ষোড়শ পদার্থা ন্যায়সূত্রেঽভিহিতা স্ত এবৈতদ্-গ্রন্থস্যাভিধেয়া ইতি ভাবঃ। অভিধেয়েন সহ গ্রন্থস্য জ্ঞাপ্যজ্ঞাপকভাবঃ সম্বন্ধঃ। প্রয়োজনং প্রদর্শয়তি প্রাচীনমতবোধায়েতি। ইদন্তু প্রয়োজনং গৌণং মুখ্যমপবর্গ এবেতিবোধ্যম্ ॥১—২॥

॥ মূলম্ ॥

প্রমাণানি প্রমেয়ঞ্চ সংশয়োঽথ প্রয়োজনম্।
দৃষ্টান্তশ্চৈব সিদ্ধান্তোঽবয়বাস্তর্ক-নির্ণয়ৌ ॥৩॥
বাদো জল্পো বিতণ্ডা চ হেত্বাভাসাস্তথাচ্ছলম্।
জাতিশ্চ নিগ্রহস্থানং পদার্থাঃ ষোড়শ স্মৃতাঃ ॥৪॥

॥ অনুবাদ ॥

ন্যায়দর্শনের মতে পদার্থ ষোলটী, যথা—(১) প্রমাণ (২) প্রমেয় (৩) সংশয় (৪) প্রয়োজন (৫) দৃষ্টান্ত (৬) সিদ্ধান্ত (৭) অবয়ব (৮) তর্ক (৯) নির্ণয় (১০) বাদ (১১) জল্প (১২) বিতণ্ডা (১৩) হেত্বাভাস (১৪) ছল (১৫) জাতি (১৬) নিগ্রহস্থান ॥৩—৪॥

॥ বিবৃতিঃ ॥

প্রথমতো গৌতমপ্রথমসূত্রানুসারেণ প্রমাণাদিপদার্থানুদ্দিশতি প্রমাণানীত্যাদিনা। উদ্দেশস্তু পদার্থানাং নামমাত্রকীর্ত্তনম্। অত্র যদ্যপি বহুবচনান্তনির্দেশাদেবপ্রমাণাদেশ্চতুষ্ট্বাদি ন নির্নীয়তে বহুত্বস্য ত্রিত্বাদিযাবৎসংখ্যাব্যাপকত্বাৎ কিন্তু তথা বিভাগসামর্থ্যাদেব তথাপি সতি বহুবিধত্বে প্রমেয়াদেরেকবচনান্তনির্দ্দেশোঽসঙ্গত ইতি তু ন শঙ্কনীয়ং তাৎপর্য্যক্রুদ্‌ভিঃ সমাহিতত্বাৎ। তথাহি "অন্যোন্যনিরপেক্ষাণাং প্রত্যেকং প্রমাহেতুভাবঃ প্রমাণানামিতি হি বহুবচনপ্রয়োজনম্। প্রমেয়েষু তু যদ্যপি প্রমেয়তা বাস্তবী প্রত্যেকমস্তি তথাপ্যপবর্গহেতুভাবেন প্রমেয়তা সমুদায়ে সমাপ্যতে ন তু প্রত্যেকমাত্মাদীনামেকতমস্যাপ্যতত্ত্বজ্ঞানে সংসারানিবৃত্তেঃ" ইতি তাৎপর্য্যকৃতঃ। সংশয়াদিষপ্যেবমূহ্যম্। অত্র সকলপদার্থব্যবস্থাপকত্বেন প্রমাণস্যৈব প্রথমমুদ্দেশস্ততঃ সাক্ষান্মোক্ষজনকজ্ঞানবিষয়ীভূতপ্রমেয়পদার্থস্যেত্যাদিক্রমনিয়ামকমূহনীয়ম্।

ননু সংশয়াদীনাং চতুর্দ্দশপদার্থানাং যথাসম্ভবং প্রমাণেষু প্রমেয়েষুচান্তর্ভাবাত্তেষাং পৃথগুপদেশোব্যর্থ ইতি চেৎ। উচ্যতে। বিদ্যাপ্রস্থানপ্রভেদজ্ঞাপনার্থত্বেন সংশয়াদীনাং পৃথগুদ্দেশসার্থক্যাৎ। অন্যথা "ত্রৈবিদ্যেভ্যস্ত্রয়ীং বিদ্যাং দণ্ডনীতিঞ্চ শাশ্বতীম্। আন্বীক্ষিকীঞ্চাত্মবিদ্যাং বার্ত্তারম্ভাংশ্চলোকতঃ" ইত্যনেন মনুনাভিহিতবিদ্যাচতুষ্ট্বব্যাঘাতাপত্তেঃ। তথাহি অগ্নিহোত্রাদিপ্রস্থানাত্রয়ী, হলশকটাদিপ্রস্থানাবার্ত্তা, স্বাম্যমাত্যভেদানুবিধায়িনীদণ্ডনীতিঃ, সংশয়াদিপ্রাস্থানিকীন্যায়বিদ্যেয়মান্বীক্ষিকী। তত্র চান্বীক্ষিক্যাং সংশয়াদিপদার্থানামনুল্লেখে তস্যা অধ্যাত্মবিদ্যামাত্রত্বে ত্রয্যামেবান্তর্ভাবান্মনূক্তবিদ্যাচতুষ্ট্বং ব্যাহন্যেতেতিভাবঃ। অতএব "এতে সংশয়াদয়ঃ পদার্থাঃ প্রমাণে প্রমেয়েচান্তর্ভবন্তো বিদ্যাপ্রস্থানপ্রভেদজ্ঞাপনার্থং পৃথগুপদিষ্টাঃ" ইতিবার্ত্তিকম্॥

সংশয়াদীনাঞ্চৈতদ্বিদ্যাপ্রস্থানত্বং স্ব স্ব বৈশিষ্ট্যাদুপপদ্যতে। তচ্চ বৈশিষ্ট্যং—সংশয়প্রয়োজনয়োর্ন্যায়পূর্ব্বাঙ্গত্বম্, ন্যায়স্য দৃষ্টান্তমূলকত্বাদ্দৃষ্টান্তস্যন্যায়মূলত্বম্, সতি সিদ্ধান্তভেদে বাদজল্পবিতণ্ডানাং প্রবর্ত্তমানত্বাৎ সিদ্ধান্তে বাদাদিবিষয়ত্বম্,

অবয়বেষু বিপ্রতিপন্নপুরুষপ্রতিপাদকত্বম্, তর্কে প্রমাণানুগ্রাহকত্বম্, নির্ণয়ে ন্যায়োত্তরাঙ্গত্বম্, বাদে তত্ত্বনির্ণায়কত্বম্, জল্পবিতণ্ডাহেত্বাভাসেষু বিজয়প্রয়োজকত্বম্, ছলজাতিনিগ্রহস্থানেষু দূষকত্বমিত্যুত্তরগ্রন্থাদ্ যথাযথং বেদিতব্যম্।

ষোড়শেতি। প্রমাণাদীনাং প্রমেয়ত্বেনৈক্যেঽপি প্রমাণাদিগততত্তদ্ধর্ম্মপুরস্কারেণাবান্তরভেদবিবক্ষয়া ষোড়শত্বমিতিভাবঃ। ননু ষোড়শপদার্থানাং তত্ত্বজ্ঞানস্যনিঃশ্রেয়সহেতুত্বং মহর্ষিণোক্তম্, তত্র প্রমাণাদিবাদান্তানাং তত্ত্বজ্ঞানস্য তথাত্বমস্তু জল্পাদেস্তু কথং নিঃশ্রেয়সপরিপন্থিত্বাদিতিচেন্নাত্মাদিতত্ত্বজ্ঞানস্যৈব সাক্ষান্নিঃশ্রেয়সহেতুতায়া অভিধানাত্তদিতরেষাং পারম্পর্য্যেণ হেতুতায়া অভিমতত্বাৎ। তত্র জল্পাদীনামপি পরাহঙ্কারপ্রশমনরূপাবান্তরব্যাপারদ্বারা পরম্পরয়ানিঃশ্রেয়সানুকূলত্বং বোধম্। তদুক্তং সূত্রকারৈঃ 'তত্ত্বাধ্যবসায়সংরক্ষণার্থং জল্পবিতণ্ডে বীজপ্ররোহণার্থং কণ্টকশাখাবরণবৎ" ইতি।

ননু "দ্রব্যগুণধর্ম্মভেদাচ্চোপলব্ধিনিয়মঃ" ইতি ন্যায়সূত্রে হ্যনুদ্দিষ্ট দ্রব্যাদেরভিধানেন মুনেরর্থান্তরমিতিচেন্ন অভ্যুপগমসিদ্ধান্তন্যায়েন কণাদোক্তদ্রব্যগুণাদেরপি প্রমেয়ত্বেনোপগ্রহাৎ। অতএব প্রমেয়সূত্রভাষ্যং "অস্ত্যন্যদপি প্রমেয়ং দ্রব্যগুণকর্ম্মসামান্যবিশেষসমবায়াঃ" ইতি ॥৩—৪॥

॥ অথোদ্দিষ্টলক্ষণবিভাগপরিচ্ছেদঃ ॥

॥ মূলম্ ॥

প্রমায়াঃ করণং যদ্ধি প্রমাণং তচ্চতুর্ব্বিধম্।
স্যাৎ প্রত্যক্ষানুমানোপমানশব্দপ্রভেদতঃ ॥৫॥

॥ অনুবাদ ॥

প্রমার (যথার্থ অনুভবের) যাহা করণ (অসাধারণ কারণ) তাহাই প্রমাণ। প্রমাণ চারি প্রকার, যথা—(১) প্রত্যক্ষ (২) অনুমান (৩) উপমান (৪) শব্দ ॥৫॥

॥ বিবৃতিঃ ॥

লক্ষণেতি। তদেব হি লক্ষণং যৎ সমানাসমানজাতীয়েভ্যো বিভিদ্য লক্ষ্যং ব্যবস্থাপয়তি। তত্ত্বঞ্চাসাধারণধর্ম্মত্বম্। ইতরভেদানুমাপকস্যৈব লক্ষণত্বে তদ্-

ঘটকাসাধারণত্বমিতরভেদভিন্নত্বে সতি লক্ষ্যতাবচ্ছেদকসমনিয়তত্বম্। ব্যবহারৌ পয়িকস্যাপি তত্ত্বে বিশেষ্যমাত্রমধিকস্য বৈয়র্থ্যাৎ। সমনিয়তত্বঞ্চ ব্যাপকত্বে সতি ব্যাপ্যত্বম্। ব্যাপকত্বস্তু স্বসমানাধিকরণাত্যন্তাভাবপ্রতিযোগিতানবচ্ছেদক-ধর্ম্মবত্ত্বম্। ব্যাপ্যত্বঞ্চ স্বাভাববদবৃত্তিত্বম্।

বিভাগেতি। সামান্যধর্ম্মাবচ্ছিন্নানাং তদ্ধর্ম্মসাক্ষাদ্ব্যাপ্যপরস্পরবিরুদ্ধ ধর্ম্মপ্রকারেণ প্রতিপাদনমত্র বিপূর্ব্বস্য ভজতেরর্থঃ। তেন সবিকল্পকত্বাদিনা প্রত্যক্ষবিভাগে প্রমাণসামান্যবিভাগত্বস্য ন বা সবিকল্পকং প্রত্যক্ষমিতিনিরূপণে-কৃতে তত্র বিভাগত্বস্য চাপত্তিঃ।

তদ্ধর্ম্মাবান্তরধর্ম্মপ্রকারকজ্ঞানগোচরেচ্ছাত্বাবচ্ছিন্নং প্রতি তদ্ধর্ম্মজ্ঞানত্বেন-হেতুত্বাল্লক্ষণতঃ সামান্যধর্ম্মজ্ঞানং বিনা বিশেষজিজ্ঞাসানুদয়াদ্বিশেষবিভাগার্থং নিখিলবস্তুব্যবস্থাপকত্বেন প্রাধান্যাৎ প্রথমোদ্দিষ্টং প্রমাণসামান্যং লক্ষয়তি প্রমায়াঃ করণমিতি। প্রমিতিবিভাজকধর্ম্মাবচ্ছিন্নকার্য্যতানিরূপিতকরণতাবদিতি তদর্থঃ। তেন জন্যজ্ঞানত্বাবচ্ছিন্নজনকস্যাত্মশরীরাদের্ন প্রমাণত্বাপত্তিঃ। ন চ "মন্ত্রায়ুর্ব্বেদবচ্চতৎপ্রামাণ্যমাপ্তপ্রামাণ্যাৎ" ইত্যনেন সূত্রেণাক্ষচরণৈরীশ্বরেঽপি প্রামাণ্যস্যাভিহিতত্বাদীশ্বরীয়প্রমায়াশ্চ নিত্যত্বাদুক্তপ্রমাণত্বস্যেশ্বরেঽব্যাপ্তিরিতি-শক্যং তত্র প্রমাশ্রয়ত্বস্যৈব প্রামাণ্যশব্দেন বিবক্ষিতত্বাৎ। অতএব তার্কিক-রক্ষাকারৈঃ "তত্র প্রমাণং প্রময়া ব্যাপ্তং প্রমিতিসাধনম্। প্রমাশ্রয়ো বা তদ্ব্যাপ্তো যথার্থানুভবঃ প্রমা" ইত্যভিধায় "সাধনাশ্রয়য়োরন্যতরত্বে সতি প্রমাব্যাপ্তং প্রমাণম্" ইতিব্যাখ্যাতম্। তথাচ করণত্বঘটিতপ্রমাণত্বস্যেশ্বরেঽব্যাপ্তির্ন-ক্ষতিকরীত্যাশয়ঃ। প্রমিতিত্বঞ্চ তদাশ্রয়ধর্ম্মিকতৎপ্রকারকজ্ঞানত্বং ভ্রমান্য-জ্ঞানত্বম্বা। ভ্রমত্বঞ্চ তদভাবাশ্রয়ধর্ম্মিকতৎপ্রকারকজ্ঞানত্বম্।

নব্যাস্তু প্রমাত্ব-ভ্রমত্বলক্ষণে বিশেষণতামন্তর্ভাব্যৈব নিষ্কর্ষণীয়ে ন তু প্রকার-তামন্তর্ভাব্য। ভাসমানসংসর্গপ্রতিযোগিত্বস্যৈব প্রকারত্বরূপত্বাৎ সংসর্গে সংসর্গতাবচ্ছেদকে চ প্রকারতাখ্যবিষয়তাস্বীকারে গৌরবাৎ। বিশেষণতা চ ন প্রকারতাব্যাপ্যা কিন্ত্বিদমত্রবিশেষণমিত্যনুভবসাক্ষিকসংসর্গপ্রকারোভয়সাধারণ-বিষয়তাবিশেষঃ। তথাচ সংসর্গে সংসর্গতাবচ্ছেদকে চ ভ্রমপ্রময়োর্না-ব্যাপ্তিরিতিপ্রাহুঃ।

বস্তুতস্তু জ্ঞানত্বমপহায়ানুভবত্বঘটিতমেব প্রমালক্ষণং নির্ব্বচনীয়মন্যথা স্মৃতাবপি তাদৃশজ্ঞানত্বসত্ত্বেন তৎকরণস্য প্রমাণান্তরতাপত্তিরতোযথার্থানুভবত্বমেব প্রমাত্ব-মিতি সংক্ষেপঃ।

অত্র করণত্বং ন কারণতামাত্রং তস্যাঃ কালাদিসাধারণ্যাৎ। নাপি যাদৃশ-

